সূচীপত্র

الفهارس

বিষয়ঃ	Page	الموضوع:
ভূমিকা	5	المقدمة
মরণের সময় মুমিনের অবস্থা	8	حال المؤمن عند الموت
মৃত্যুর সময় কাফেরের করুণ অবস্থা	10	حال الكافر عند الموت
কবরে কাফেরের করুণ অবস্থা	12	الكافر يعذب فى قبره
কাফেরদের মৃত্যু যন্ত্রনা	14	الكافر يفزع عند البعث
হাশরের মাঠের দৃশ্য	17	منظر أرض المحشر
হাশরের দিন মানুষের ব্যস্ততা	17	حال الناس فى المحشر
হাশরের পরিস্থিতি অত্যন্ত ভীতিকর	18	الموقف رهيب
উলঙ্গ অবস্থায় মানুষের হাশর	19	يحشر الناس عريانا
হাশরের মাঠের একদিন	20	طول يوم المحشر
মাথার উপরে সূর্যের আগমণ	21	دنو الشمس على رؤوس الخلائق
শৃংখলাবদ্ধ হয়ে কাফেরদের হাশর	22	الكافر يؤتى به مربوطا بالأغلال
অন্ধ অবস্থায় কাফেরদের হাশর	23	أنه يحشر أعمى وأبكم
কাফেররা পরস্পর ঝগড়া করবে	25	المخاصمة والمجادلة بينهم
কাফেরদের ধ্বংস কামনা	28	حسرتهم وندمهم
যারা চিরকাল জাহান্নামে থাকবে	31	خلودهم فى النار
ইবলীসের ভাষণ	35	خطبة إبليس
হাশরের মাঠে হিসাব ও আমলনামা	36	الحساب و استلام الكتاب

জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা	36	بيان جهنم و أهلها
আখেরাতে গুনাহগারদের অবস্থা	42	حال عصاة المؤمنين
বেনামাযীর ভয়াবহ পরিণতি	43	حال تارك الصلاة
যাকাত না দেয়ার শাস্ড়ি	46	عذاب مانع الزكاة
সুদখোরের ভয়াবহ পরিণতি	50	حال اكلة الربا
ব্যভিচারীর করুণ অবস্থা	52	حال الزناة
ব্যভিচারীর শাস্ড়ির অন্য একটি চিত্র	53	منظر أخر لعقوبة الزناة
ব্যভিচারের অপবাদ দেয়ার শাস্ড়ি	54	حال قاذف المحصنات بالزنا
গীবতকারীর কঠিন আযাব	55	حال المغتابين والنمامين
অঙ্গীকার পূরণ না করার পরিণতিঃ	60	حال الغادر يوم القيامة
অহংকারীদের অবস্থা	61	حال المتكبرين
ঋণ পরিশোধ না করে মরার শাস্ড়ি	62	عقوبة من مات و عليه دين
মিথ্যাবাদীর পরিণাম	64	حال الكذابين
আমলহীন আলেমের পরিণতি	65	العالم الذى لا يعمل بعلمه
নবী (সাঃ)এর নামে মিথ্যা বলা	66	خطر الكذب على النبىﷺ
যমীনের আইল পরিবর্তনের শাস্ড়ি	66	حال من يغير منار الأرض
কারো সম্পদ আত্মসাৎ করার শাস্ড়ি	68	حال من يغتصب حقوق الناس
মাপে কম দেয়ার পরিণতি	70	حال المطففين
ছবি অঙ্কনকারীদের অবস্থা	71	حال المصورين

অকারণে প্রাণী হত্যা করার পরিণাম	73	عذاب قاتل الحيوان بلا سبب
মদ পানকারীদের পরিণতি	75	حال شارب المسكرات
স্বর্ণ-রৌপ্যের পাত্রে পানাহার	76	الأكل فى آنية الذهب و الفضة
হাশরের মাঠে খুনের বিচার প্রথমে	76	محاكمة القاتل فى المحشر أولا
আত্ম হত্যাকারীর কর ণ অবস্থা	77	عقوبة قاتل النفس
ইয়াতীমের সম্পদ ভক্ষণের পরিণাম	79	حال آكلى أموال اليتامى
সামর্থ থাকা স্বত্ত্বেও ভিক্ষাবৃত্তির শাস্ড়ি	80	من يسأل الناس وعنده مايغنيه
জনসাধারণের প্রয়োজন পূরণে--	80	حال الحاكم المحتجب عن الناس
বিনা অনুমতিতে অন্যের কথা শ্রবণ	81	حال من يتسمع كلام الناس
বিলাপকারীনীর পরিণতি	82	حال النائحات
বেপর্দা মহিলার অবস্থা	83	حال المتبرجات
লোক দেখানো আমলকারীর বিচার	85	حال من يعمل رياء وسمعة
বিদ্আতীরা হাউয থেকে বঞ্চিত হবে	87	المبتدعة يحرمون من الحوض الكوثر
রোজ হাশরে কিছু লোকের কঠিন পরিণতি	88	حال الذين لا يكلمهم الله
এসো তাওবার পথে	93	تعالوا إلى رحمة الله تعالى
আখেরাতে মুমিনদের আনন্দ	98	حال الأتقياء
মৃত্যুর সময় মুমিনদেরকে জান্নাতের সুসংবাদ প্রদানঃ	100	فرح المؤمنين عند الاحتضار
মুমিনগণ নিরাপদে হাশরের মাঠে	101	أنهم يحشرون آمنين

মুমিনদের পুলসিরাত পার	103	عبورهم على الصراط
একটি শিক্ষণীয় ঘটনা	104	قصة فيها عبرة
জান্নাত ও জান্নাতীদের বর্ণনা	104	نعيم الجنة وبيان أهله
জান্নাতের বৃক্ষরাজির বর্ণনা	106	أشجار الجنة
বেহেশতের নদীসমূহ	106	أنهار الجنة
হাউযে কাউছারের বর্ণনা	107	الحوض الكوثر
জান্নাতীদের পানাহার	107	طعام وشراب أهل الجنة
জান্নাতীদের পোষাকের বর্ণনা	107	لباس أهل الجنة
জান্নাতের প্রশস্ড়তা	107	سعة الجنة
জান্নাতীদের বয়স	108	أعمار أهل الجنة
জান্নাতবাসীদের গান শ্রবণ	108	أهل الجنة يتمتعون بسماع الأغانى
জান্নাতের যানবাহন	108	مطايا أهل الجنة
জান্নাতের সেবকদের পরিচয়	108	بيان غلمان أهل الجنة
জান্নাতের হুরদের বিবরণ	108	الحور العين
জান্নাতে আল-াহর দিদার	111	رؤية المؤمنين لربهم فى الجنة
মাওতের শেষ পরিণতি	114	ذبح الموت
কতিপয় জান্নাতী আমল	115	بعض أعمال دخول الجنة
যাদেরকে জান্নাতের সকল দরজা.	131	الذين ينادون من أبواب الجنة
কিয়ামতের দিন যারা আল-াহর ছায়া পাবে	132	الذين يظلهم الله فى ظله
পরিশিষ্ট	135	الخاتمة

ভূমিকা

সমস্ড় প্রশংসা আসমান-যমীনের সৃষ্টিকর্তা মহান আল-াহর জন্য, যিনি জীবন-মরণের একমাত্র মালিক। সৎ কর্মশীলদেরকে পুরস্কৃত করতে এবং সীমা লংঘনকারীদেরকে শাস্ড়ি দেয়ার জন্য তিনি সমস্ড় মাখলুকের উপর মৃত্যু ও পুনরুত্থান অবধারিত করেছেন। সৎ কর্মশীলদেরকে আল-াহ তাআলা তাঁর নিকট সম্মানিত মেহমান হিসেবে উপস্থিত করবেন এবং গুনাহগারদেরকে জাহান্নামের দিকে হাঁকিয়ে নিয়ে যাওয়ার আদেশ দিবেন। মহাপবিত্র ঐ সত্তা যিনি জান্নাতুল ফেরদাউসকে মুমিনদের জন্য আপ্যায়ন হিসেবে নির্ধারণ করেছেন এবং সীমালংঘনকারীদের জন্য জাহান্নামকে আবাসস্থল হিসেবে তৈরী করেছেন। দুরূদ ও সালাম বর্ষিত হোক প্রিয় নবী মুহাম্মাদ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম, তাঁর বংশধর ও তাঁর সৎকর্মশীল সাথীদের উপর।

আল-াহ তাআলা সৃষ্টি জীবকে অযথা সৃষ্টি করেন নি এবং তাদেরকে দায়িত্বহীনভাবে ছেড়ে দেননি; বরং তিনি তাদের উপর এক মহান দায়িত্ব চাপিয়ে দিয়েছেন। যে দায়িত্ব পেশ করা হয়েছিল আসমান-যমীনের কাছে, কিন্তু আসমান-যমীন ভীত-সন্ত্রস্ড় হয়ে তা গ্রহণ করতে অস্বীকার করেছে। অথচ মানুষ অত্যন্ড় দুর্বল হওয়া সত্ত্বেও সে দায়িত্বভার গ্রহণ করেছে। অধিকাংশ মানুষই এ মহান দায়িত্ব পালন না করে গাফেল হয়ে জীবন যাপন করছে। তাদের সৃষ্টিকর্তার পরিচয় সম্পর্কে এবং তাদেরকে

এই পৃথিবীতে প্রেরণের উদ্দেশ্য সম্পর্কে চিন্ড়া-ভাবনা করছেনা। ক্ষণস্থায়ী দুনিয়াতে তাদের অবস্থান এবং চিরস্থায়ী আখেরাতের দিকে দ্রুত প্রস্থান সম্পর্কে তাদের কোন চিন্ড়া-ভাবনা নেই।

মানুষ এ পৃথিবীতে স্বল্প সময় অবস্থান করলেও তার যাত্রা সীমাহীন। ক্ষণস্থায়ী এ পৃথিবীতে প্রতিটি মানুষই পার্থিব জীবনের বিষয়াদি সম্পর্কে অবগত রয়েছে। কিন্তু চিরস্থায়ী জীবন তথা পরকালীন জীবন ও তার বিষয়াদি সম্পর্কে অধিকাংশ মানুষই অজ্ঞ। তাই বলে পরজগতের ব্যাপারে এবং আত্মার যাত্রা সম্পর্কে তার জানার আগ্রহ শেষ হয়ে যায়নি। আখেরাত সম্পর্কে জ্ঞানের সল্পতার কারণেই মানুষ আল-াহর পথ হতে অনেক দূরে। দুনিয়ার কোন সম্পদ দেখতে পেলে সেদিকে দ্রুত অগ্রসর হয় এবং পরকালের নেয়ামত ও আল-াহর সন্তুষ্টির উপর উহাকে প্রাধান্য দিয়ে থাকে। আল-াহ তাআলা বলেনঃ

﴿يَعْلَمُونَ ظَاهِرًا مِنْ الْحَيَاةِ الدُّنْيَا وَهُمْ عَنْ الْآخِرَةِ هُمْ غَافِلُونَ﴾

"তারা কেবলমাত্র পার্থিব জীবনের প্রকাশ্য বিষয়সমূহ সম্পর্কে অবগত আছে এবং তারা পরকালের বিষয় সম্পর্কে কোন খবরই রাখেনা"। (সূরা রূমঃ ৭) আল-াহ তা'আলা আরও বলেনঃ

﴿وَلاَتَكُوْنُوْا كَالَّذِيْنَ نَسُوْا اللّهَ فَأَنْسَاهُمْ أَنْفسَهُمْ أُوْلَئِكَ هُمُ الفَاسِقُوْنَ﴾

"তোমরা তাদের মত হয়োনা যারা আল-াহ তাআলাকে ভুলে গেছে। ফলে তিনি তাদেরকে আত্মবিস্মৃত করে দিয়েছেন। মূলতঃ তারাই অবাধ্য"। (সূরা হাশরঃ ১৯)

যখন অধিকাংশ মানুষের অবস্থাই এরকম তখন এমন বিষয়সমূহের অনুসন্ধান করতে থাকলাম, যা মানুষের অন্ড়রে ভয়ের সঞ্চার ও চোখের অশ্র“ প্রবাহিত করবে এবং পরকালের কথা স্মরণ করিয়ে দিবে।

এ লক্ষ্যে আমি আল-াহর কিতাব ও রাসূলের সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম সুন্নাত এবং অতীত জাতির অবস্থা ও তাদের উপদেশ সমূহের উপর গভীরভাবে দৃষ্টি দিয়ে কিছু শিক্ষণীয় বিষয়ের অতি সামান্য জ্ঞান অর্জন করলাম। এ বিষয়গুলো সামনে রেখে এমন একটি কিতাব রচনা করার প্রয়োজনীয়তা অনুভব করলাম যা আমার নিজের জন্য জীবন চলার পাথেয় হয়ে থাকবে এবং পরকালে আমার জন্য আমলে সালেহ বা সৎকর্ম হিসাবে পরিগণিত হবে। কুরআন ও সুন্নাহর পাশাপাশি এ লক্ষ্যে আমি নির্ভরযোগ্য আলেমদের কিতাব থেকেও কিছু উক্তি সংগ্রহ করলাম। আল-াহর কাছে প্রার্থনা, তিনি যেন এর মাধ্যমে পাঠকদের উপকার সাধন করেন। আমীন

এটি একটি সংক্ষিপ্ত পুস্ড়িকা যাতে রূহ কবজ করার জন্যে ফেরেশতার আগমণ থেকে শুর“ করে জান্নাতীদের জান্নাতে প্রবেশ এবং জাহান্নামীদের জাহান্নামে প্রবেশ পর্যন্ড় অধিকাংশ অবস্থার বিবরণ পেশ করা হয়েছে।

আল-াহর কাছে প্রার্থনা, তিনি যেন পুস্ড়িকাটিকে তাঁর সন্তুষ্টির জন্য কবুল করেন এবং তা রচনা ও প্রকাশে যারা বিভিন্নভাবে সহযোগিতা করেছেন তাদের সবাইকে জান্নাতবাসী করেন। আমীন

শাইখ আব্দুল-াহ শাহেদ আল-মাদানী
মোবাইল, বাংলাদেশঃ- ০১৭৩২৩২২১৫৯

সৌদি আরবঃ- +৯৬৬৫০৩০৭৬৩৯০
ashahed1975@gmail.com

মরণের সময় মুমিনের অবস্থাঃ

বারা বিন আযিব (রাঃ)এর হাদীছে মানুষের মৃত্যুকালীন অবস্থার পূর্ণ বিবরণ এসেছে। এতে মুমিন, কাফের এবং পাপী সকল মানুষের অবস্থাই বর্ণিত হয়েছে। পাঠক ভাই-বোনদের কাছে হাদীছের ভাষ্যটি তুলে ধরছি।

বারা বিন আযিব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমরা রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-ামএর সাথে জনৈক আনসারী সাহাবীর জানাযায় শরীক হওয়ার জন্য বের হলাম। তখনো কবরের খনন কাজ শেষ হয়নি। রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম কিবলামুখী হয়ে বসে পড়লেন। আমরাও তাঁর চারপাশে বসে গেলাম। তাঁর হাতে ছিল একটি কাঠি। তা দিয়ে তিনি মাটিতে খোঁচাতে ছিলেন এবং একবার আকাশের দিকে তাকাচ্ছিলেন আর একবার যমিনের দিকে মাথা অবনত করছিলেন। তিনবার তিনি দৃষ্টি উঁচু করলেন এবং নীচু করলেন। অতঃপর বললেনঃ "তোমরা আল-াহর কাছে কবরের আযাব থেকে আশ্রয় চাও"। কথাটি তিনি দু'বার অথবা তিনবার বললেন। অতঃপর তিনি এই দু'আ করলেনঃ

«أَللَّهُمَّ إِنِّى أَعُوْذُبِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ»

"হে আল-াহ! আমি তোমার কাছে কবরের আযাব থেকে আশ্রয় চাই।"

তারপর তিনি বললেনঃ মুমিন বান্দার নিকট যখন দুনিয়ার শেষ দিন এবং আখেরাতের প্রথম দিন উপস্থিত হয় তখন আকাশ থেকে উজ্জ্বল চেহারা বিশিষ্ট একদল ফেরেশতা উপস্থিত হন। তাদের সাথে থাকে জান্নাতের পোষাক এবং জান্নাতের সুঘ্রাণ। মুমিন ব্যক্তির চোখের দৃষ্টি

যতদূর যায় তারা ততদূরে বসে থাকে। এমন সময় মালাকুল মাউত উপস্থিত হয় এবং তার মাথার পাশে বসে বলতে থাকেঃ হে পবিত্র আত্মা! তুমি আপন প্রভুর ক্ষমা ও সন্তুষ্টির দিকে বের হয়ে আস। এ কথা শুনার পর মুমিন ব্যক্তির রূহ্ অতি সহজেই বের হয়ে আসে। যেমনভাবে কলসীর মুখ দিয়ে পানি বের হয়ে থাকে। রূহ বের হওয়ার সাথে সাথে ফেরশতাগণ তাঁকে জান্নাতী পোষাক পরিয়ে দেন এবং জান্নাতী সুঘ্রাণে তাকে সুরভিত করে। তার দেহ থেকে এমন সুঘ্রাণ বের হতে থাকে যার চেয়ে উত্তম সুঘ্রাণ আর হতে পারেনা। তাকে নিয়ে ফেরেশতাগণ আকাশের দিকে উঠে যায়। যেখান দিয়েই তাঁকে নিয়ে যাওয়া হয় সেখানেই ফেরেশতাগণ জিজ্ঞেস করেঃ এটা কার পবিত্র আত্মা? উত্তরে অতি উত্তম নাম উচ্চারণ করে বলা হয় অমুকের পুত্র অমুকের। আকাশে পৌঁছে গিয়ে দরজা খুলতে বলা হলে তা খুলে দেয়া হয়। তাঁর সাথে প্রথম আকাশের ফেরেশতাগণ দ্বিতীয় আকাশ পর্যন্ড় গমণ করে। এভাবেই এক এক করে সপ্তম আকাশ পর্যন্ড় পৌঁছে যায়। তখন আল-াহ তাআলা বলেনঃ আমার বান্দার নামটি ইলি-য়ীনের তালিকায় লিপিবদ্ধ করে দাও। অতঃপর তাকে নিয়ে যমীনে ফিরে যাও। কেননা আমি তাকে মাটি দ্বারা সৃষ্টি করেছি। মাটির মধ্যেই তাকে ফিরিয়ে দিব এবং সেখান থেকেই তাকে পুনরায় জীবিত করবো।

তখন কবরে তার আত্মা ফেরত দেয়া হয়। ওখানে দু'জন ফেরেশতা আগমণ করে এবং তাকে জিজ্ঞেস করেঃ তোমার প্রতিপালক কে? তিনি উত্তরে বলেঃ আমার প্রতিপালক হচ্ছেন আল-াহ। আবার জিজ্ঞেস করেনঃ দুনিয়াতে তোমার দ্বীন কী ছিল? তিনি উত্তর দেনঃ আমার দ্বীন

হচ্ছে ইসলাম। পুনরায় তাকে প্রশ্ন করেঃ তোমাদের কাছে যে লোকটিকে পাঠানো হয়েছিল তিনি কে? জবাবে তিনি বলেঃ তিনি হলেন আমাদের নবী মুহাম্মাদ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম। তখন আকাশ থেকে মহান আল-াহ ঘোষণা করতে থাকেনঃ আমার বান্দা সত্য বলেছে। তাঁর জন্যে জান্নাতের বিছানা বিছিয়ে দাও এবং তাকে জান্নাতের পোষাক পরিয়ে দাও। আর তাঁর জন্য জান্নাতের একটি দরজা খুলে দাও, সে যেন জান্নাতের বাতাস ও সুঘ্রাণ পেতে পারে। তার কবরটি দৃষ্টিসীমা পর্যন্ড় প্রশস্ড় করে দেয়া হয়। একজন সুন্দর আকৃতি ও উজ্জ্বল চেহারা বিশিষ্ট লোক উত্তম পোষাক পরিহিত হয়ে এবং সুঘ্রাণে সুরভিত অবস্থায় তার কাছে আগমণ করে এবং বলেনঃ তুমি খুশী হয়ে যাও। তোমার সাথে যে ওয়াদা করা হয়েছিল তা আজ পূর্ণ করা হবে। মুমিন ব্যক্তি লোকটিকে জিজ্ঞেস করেঃ কে তুমি? সে বলে, আমি তোমার সৎ আমল। তখন মুমিন ব্যক্তি বলেনঃ হে আল-াহ! তুমি এখনই কিয়ামত সংঘটিত করো। আমি আমার পরিবারের সাথে মিলিত হবো। তখন তাকে বলা হয় তুমি এখানে আরামে ও স্বাচ্ছন্দে বসবাস করতে থাক। তোমার কোন চিন্ড়া ও ভয় নেই।

মৃত্যুর সময় কাফেরদের করুণ অবস্থাঃ

অপর পক্ষে কাফের ব্যক্তির যখন দুনিয়া হতে বিদায় নেয়ার সময় হয় তখন কালো বর্ণের একদল ফেরেশতা এসে উপস্থিত হয়। তাদের সাথে থাকে দুর্গন্ধযুক্ত কাপড়। চোখের দৃষ্টি যতদূর যায় তথায় তারা বসে থাকে। তারপর মৃত্যুর ফেরেশতা এসে তাকে বলেঃ ওহে অপবিত্র আত্মা! বেরিয়ে আয় আল-াহর ক্রোধ ও অসন্তুষ্টির দিকে। কাফের বা পাপীর আত্মা তখন দেহের মাঝে পালাতে চেষ্টা করে। কিন্তু ফেরেশতা

তাকে এমনভাবে টেনে বের করে যেমনভাবে লোহার পেরেককে ভিজা পশমের মধ্য থেকে টেনে বের করা হয়। তার রূহ্ বের হওয়ার সময় শরীরের রগসমূহ ছিন্ন-ভিন্ন হয়ে যায়। তার উপর আসমান ও যমীনের মধ্যকার সকল ফেরেশতা লা'নত করতে থাকে। আকাশের দরজাগুলো বন্ধ করে দেয়া হয়। প্রত্যেক দরজার ফেরেশতাগণ আল-াহর কাছে দু'আ করে যাতে ঐ ব্যক্তির রূহ তাদের দরজা দিয়ে না উঠানো হয়। তার রূহকে দুর্গন্ধযুক্ত কাপড়ে রাখা হয়। তা থেকে মরা-পঁচা মৃত দেহের দুর্গন্ধের ন্যায় দুর্গন্ধ বের হতে থাকে। ফেরেশতাগণ তাকে আকাশের দিকে উঠাতে থাকে। যেখান দিয়েই গমণ করে সেখানকার ফেরেশতাগণ জিজ্ঞেস করেনঃ এই অপবিত্র আত্মা কার? উত্তরে ফেরেশতাগণ অতি মন্দ নাম উচ্চারণ করে বলতে থাকেঃ অমুকের পুত্র অমুকের। আকাশে পৌঁছে তার জন্য আকাশের দরজা খুলতে বলা হলে আকাশের দরজা খোলা হয়না। অতঃপর রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম কুরআনের এই আয়াতটি পাঠ করলেনঃ

﴿لَا تُفَتَّحُ لَهُمْ أَبْوَابُ السَّمَاءِ وَلَا يَدْخُلُونَ الْجَنَّةَ حَتَّى يَلِجَ الْجَمَلُ فِي سَمِّ الْخِيَاطِ

"তাদের জন্য আকাশের দরজাসমূহ খোলা হবেনা এবং তারা জান্নাতে প্রবেশ করতে পারবেনা যে পর্যন্ড় না সূচের ছিদ্র দিয়ে উট প্রবেশ করে"। (সূরা আ'রাফঃ ৪০) তারপর বলা হয় সাত যমীনের নীচে সিজ্জীনে তার নাম লিখে দাও এবং তার রূহ যমীনের যেখানে দাফন করা হয়েছে সেখানে ফেরত দাও। কেননা আমি যমীন থেকে মানুষকে সৃষ্টি করেছি, যমীনেই ফিরিয়ে দিবো এবং কিয়ামতের দিন যমীন থেকেই আবার বের করবো। তারপর তার রূহকে যমীনের দিকে নিক্ষেপ করা

হয়। অতঃপর কাফেরের দেহ যেখানে দাফন করা হয়েছে রূহটি সেখানে গিয়ে পতিত হয়। এরপর নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম কুরআনের এই আয়াতটি পাঠ করলেনঃ

﴿وَمَنْ يُشْرِكْ بِاللَّهِ فَكَأَنَّمَا خَرَّ مِنْ السَّمَاءِ فَتَخْطَفُهُ الطَّيْرُ أَوْ تَهْوِي بِهِ الرِّيحُ فِي مَكَانٍ سَحِيقٍ﴾

"যে ব্যক্তি আল-াহর সাথে শরীক করল সে যেন আকাশ থেকে ছিটকে পড়ল। অতঃপর মৃতভোজী পাখী তাকে ছোঁ মেরে নিয়ে গেল অথবা বাতাস তাকে উড়িয়ে নিয়ে কোন দূরবর্তী স্থানে নিক্ষেপ করল"। (সূরা হজ্জঃ ৩১)

কবরে কাফের ও মুনাফেকের করুণ অবস্থাঃ

অতঃপর তার রূহকে দেহে ফেরত দেয়া হয়। নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ তাকে দাফন করে যখন লোকেরা চলে যায় তখন দু'জন ফেরেশতা আগমণ করে এবং কঠিনভাবে ধমকাতে থাকে। অতঃপর তাকে বসিয়ে জিজ্ঞেস করেনঃ তোর প্রভু কে? সে উত্তর দেয়ঃ আফসোস! আমি জানিনা। আবার জিজ্ঞেস করেনঃ তোমার দ্বীন কী? জবাবে সে বলেঃ হায়! আমি তো এটা অবগত নই। তারপর জিজ্ঞেস করেনঃ তোমাদের কাছে যে লোকটিকে পাঠানো হয়েছিল তাঁর সম্পর্কে তোমার ধারণা কী? সে উত্তরে বলেঃ হায় আফসোস! আমি তাও জানিনা। তার সম্পর্কে মানুষ যা বলত আমি তাই বলতাম। তখন আকাশ থেকে এক ঘোষক ঘোষণা করেনঃ এই লোক মিথ্যা বলছে। তাকে জাহান্নামের পোষাক পরিয়ে দাও, তার জন্য জাহান্নামের বিছানা বিছিয়ে দাও এবং তার জন্য জাহান্নামের দরজা খুলে দাও। যাতে তার

কাছে জাহান্নামের গরম বাতাস ও তাপ পৌঁছতে পারে। তার কবর অতি সংকীর্ণ করে দেয়া হয়। মাটি তাকে এমনভাবে চেপে ধরে যাতে তার এক পার্শ্বের হাড় অপর পার্শ্বে ঢুকে যায়।

অতঃপর কালো চেহারা বিশিষ্ট, কালো পোষাক পরিহিত ও দুর্গন্ধযুক্ত এক ভয়ানক আকারের লোক এসে বলতে থাকেঃ তুই দুঃখের সংবাদ গ্রহণ কর। ধ্বংস হোক তোর! আজ তোর সেই দিন যার অঙ্গিকার তোর সাথে করা হয়েছিল। তখন কাফের বা মুনাফিক ব্যক্তি বলেঃ তোমার পরিচয় কী? তোমার চেহারা দেখেই মনে হচ্ছে তুমি কোন দুঃখের সংবাদ নিয়ে এসেছো। উত্তরে লোকটি বলেঃ আমি তোর সেই খারাপ আমল যা তুই দুনিয়াতে করেছিলি। আল-াহর শপথ করে বলছিঃ তুই ছিলি আল-াহর আনুগত্যের কাজে গাফেল এবং আল-াহর নাফরমানীতে অগ্রগামী।

অতঃপর তার কবরে এক বোবা ও বধির ফেরেশতা পাঠানো হয়। তার হাতে থাকে লোহার এমন একটি হাতুড়ি, তা দিয়ে যদি কোন কঠিন পাহাড়ে আঘাত করা হতো তাহলে উক্ত পাহাড় চূর্ণ-বিচূর্ণ হয়ে ধূলায় পরিণত হয়ে যেত। তা দিয়ে তাকে এমন জোরে প্রহার করা হয় যাতে সে মাটির সাথে মিশে যায়। আল-াহ তাকে পুনরায় জীবিত করেন। ফেরেশতা আবার তাকে আঘাত করেন। সে এমন প্রকটভাবে চিৎকার করতে থাকে যার আওয়াজ জিন-ইনসান ব্যতীত সকল সৃষ্টিই শুনতে পায়। অতঃপর তার জন্য জাহান্নামের দরজা খুলে দেয়া হয় এবং জাহান্নামের বিছানা বিছিয়ে দেয়া হয়। কিয়ামতের দিন যেহেতু তার জন্য

আরো কঠিন আযাব রয়েছে তাই সে বলবেঃ হে আল-াহ! কিয়ামত যেন না হয়।[১]

আল-াহর কাছে প্রার্থনা, তিনি যেন আমাদেরকে কবরের এই ভয়াবহ আযাব থেকে হেফাযত করেন। আমীন

কাফেরদের মৃত্যু যন্ত্রনাঃ

মৃত্যুর সময় কাফেররা খুবই কঠিন ও ভয়াবহ পরিস্থিতির শিকার হয়ে থাকে। আল-াহ তাআলা বলেনঃ

﴿وَلَوْ تَرَى إِذْ الظَّالِمُونَ فِي غَمَرَاتِ الْمَوْتِ وَالْمَلَائِكَةُ بَاسِطُوا أَيْدِيهِمْ أَخْرِجُوا أَنفُسَكُمْ الْيَوْمَ تُجْزَوْنَ عَذَابَ الْهُونِ بِمَا كُنتُمْ تَقُولُونَ عَلَى اللَّهِ غَيْرَ الْحَقِّ وَكُنتُمْ عَنْ آيَاتِهِ تَسْتَكْبِرُونَ﴾

"তুমি যদি যালেমদেরকে ঐ সময়ে দেখতে যখন তারা মৃত্যু যন্ত্রনায় থাকবে এবং ফেরেশতাগণ হাত বাড়িয়ে বলবেঃ তোমরা নিজেরাই নিজেদের প্রাণ বের করে আন। তোমাদের আমলের কারণে আজ তোমাদেরকে অবমাননাকর আযাব দেয়া হবে। কারণ তোমরা আল-াহর উপর মিথ্যারোপ করেছিলে এবং তোমরা তাঁর আয়াতের বির"দ্ধে অহংকার করেছিলে"। (সূরা আনআমঃ ৯৩)

এই আয়াতের ব্যাখ্যায় আল-ামা আব্দুর রাহমান আস-সা'দী (রঃ) বলেনঃ আপনি যদি কাফেরদের মৃত্যুকালীন কঠিন অবস্থা প্রত্যক্ষ করতেন তাহলে অবশ্যই এমন ভয়াবহ অবস্থা প্রত্যক্ষ করতেন যা কারো

[1]- মুসনাদে আহমাদ, বারা বিন আযীবের হাদীছ।

পক্ষে বর্ণনা করা সম্ভব নয়। কাফেরদের মৃত্যুর সময় ফেরেশতাগণ তাদেরকে আঘাত করতে থাকে এবং বলতে থাকেঃ তোমরা নিজেরাই নিজেদের প্রাণ বের করে আন। আজ তোমাদেরকে কঠিন শাস্ড়ি প্রদান করা হবে। আল-াহর উপর মিথ্যারোপ, রাসূলগণ কর্তৃক আনীত সত্য প্রত্যাখ্যান ও আল-াহর আয়াতের সাথে অহংকার করার কারণে তোদের এই শাস্ড়ি। আল-াহ তাআলা বলেনঃ

﴿وَلَوْ تَرَى إِذْ يَتَوَفَّى الَّذِينَ كَفَرُوا الْمَلَائِكَةُ يَضْرِبُونَ وُجُوهَهُمْ وَأَدْبَارَهُمْ وَذُوقُوا عَذَابَ الْحَرِيقِ﴾

"আর যদি তুমি দেখবে যখন ফেরেশতারা কাফেরদের জান কবজ করার সময় তাদের মুখে এবং তাদের পশ্চাৎদেশে প্রহার করতে করতে বলবেঃ তোরা জ্বলন্ড় আগুনের আযাবের স্বাদ গ্রহণ করো"। (সূরা আনফালঃ ৫০)

বারা বিন আযিব (রাঃ)এর হাদীছে এসেছে, কাফেরের মৃত্যুর সময় মালাকুল মাউতের সাথে কুৎসিত চেহারা বিশিষ্ট একদল কঠিন প্রকৃতির ফেরেশতা আগমণ করে। কাফেরের রূহকে বলা হয়, হে অপবিত্র আত্মা! আগুন ও গরম পানির আযাবের দিকে বের হয়ে আসো। একথা শুনে তার রূহ্ শরীরের বিভিন্ন স্থানে পালাতে চেষ্টা করে। কিন্তু ফেরেশতাগণ অত্যন্ড় কঠিনভাবে তার রূহকে টেনে বের করে।

কবর থেকে উঠার সময় তারা ভীত-সন্ত্রস্ড় অবস্থায় থাকবেঃ

কবর থেকে উঠার সময় কাফেরদের অবস্থা কেমন হবে তা বর্ণনা করতে গিয়ে আল-াহ তাআলা বলেনঃ

﴿يَوْمَ يَخْرُجُونَ مِنْ الْأَجْدَاثِ سِرَاعًا كَأَنَّهُمْ إِلَى نُصُبٍ يُوفِضُونَ خَاشِعَةً أَبْصَارُهُمْ تَرْهَقُهُمْ ذِلَّةٌ ذَلِكَ الْيَوْمُ الَّذِي كَانُوا يُوعَدُونَ﴾

"সেদিন তারা কবর থেকে দ্রুতবেগে বের হবে যেন তারা কোন এক লক্ষ্যস্থলের দিকে ছুটে যাচ্ছে। তাদের দৃষ্টি থাকবে অবনত, লাঞ্ছনা তাদেরকে আচ্ছন্ন করবে। এটাই সেই দিন, যার প্রতিশ্রুতি এদেরকে দেয়া হয়েছিল"। (সূরা মাআরেজঃ ৪৩-৪৪) আহবানকারীর আহবানে সাড়া দিয়ে অবনত মস্তকে তারা কবর থেকে দ্রুত বের হয়ে আসবে। যেন তারা কোন নির্দিষ্ট লক্ষ্যবস্তুর দিকে দ্রুত এগিয়ে যাচ্ছে। কোন ক্রমেই আহবানকারীর কথা অমান্য করার শক্তি তাদের থাকবেনা। তারা পরাজিত ও লাঞ্ছিত অবস্থায় সৃষ্টিজগতের প্রতিপালকের সামনে হাজির হবে। তাদের চক্ষু অবনমিত থাকবে, লজ্জা ও অপমান তাদেরকে চতুর্দিক থেকে ঘিরে ফেলবে, আওয়াজ নীচু হয়ে যাবে এবং চলার গতি থেমে যাবে। সেদিন তাদের সাথে আল-াহর কৃত অঙ্গিকার পূর্ণ করা হবে। নিম্নের আয়াতটি পাঠ করলে অতি সহজেই কিয়ামতের মাঠে কাফেরদের অন্তরের ভীতিকর অবস্থার সম্যক ধারণা লাভ করা যায়। আল-াহ তাআলা বলেনঃ

﴿وَأَنذِرْهُمْ يَوْمَ الْآزِفَةِ إِذْ الْقُلُوبُ لَدَى الْحَنَاجِرِ كَاظِمِينَ مَا لِلظَّالِمِينَ مِنْ حَمِيمٍ وَلَا شَفِيعٍ يُطَاعُ﴾

"তুমি তাদেরকে আসন্ন দিন সম্পর্কে সতর্ক করো। যখন প্রাণ ওষ্ঠাগত হবে, দম বন্ধ হওয়ার উপক্রম হবে। পাপীদের জন্য এমন কোন বন্ধু

এবং সুপারিশকারী থাকবেনা, যার সুপারিশ গ্রহণ করা হবে"। (সূরা গাফেরঃ ১৮)

হাশরের মাঠের দৃশ্যঃ

হাশরের মাঠে সমস্ড় মাখলুককে হিসাব এবং তাদের মাঝে সুবিচারের জন্য একত্রিত করা হবে। সেই দিন হবে অত্যস্ড় ভয়াবহ। কুরআন ও হাদীছে সেই দিনের ভয়াবহতা বর্ণনা করা হয়েছে। নিম্নে কুরআন ও সুন্নার আলোকে কিয়ামত ও হাশরের মাঠের আংশিক চিত্র তুলে ধরা হল। আল-াহ তাআলা বলেনঃ

﴿يَوْمَ تُبَدَّلُ الْأَرْضُ غَيْرَ الْأَرْضِ وَالسَّمَاوَاتُ وَبَرَزُوا لِلَّهِ الْوَاحِدِ الْقَهَّارِ﴾

"সেদিন পরিবর্তিত করা হবে এপৃথিবীকে অন্য পৃথিবীতে এবং পরিবর্তিত করা হবে আসমানসমূহকে এবং লোকেরা পরাক্রমশালী এক আল-াহর সামনে হাজির হবে। (সূরা ইবরাহীমঃ ৪৮) নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

يُحْشَرُ النَّاسُ يَوْمَ الْقِيَامَةِ عَلَى أَرْضٍ بَيْضَاءَ عَفْرَاءَ كَقُرْصَةِ نَقِيٍّ لَيْسَ فِيهَا مَعْلَمٌ لِأَحَدٍ

"কিয়ামতের দিন সাদা ময়দার র"টির মত চকচকে একটি মাঠের উপর সমস্ড় মানুষকে একত্রিত করা হবে। সেখানে কারও কোন নিশানা থাকবেনা"।[১]

হাশরের দিন মানুষের ব্যস্ড়তাঃ

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুর্ রিকাক।

হাশরের মাঠে প্রত্যেক মানুষ মহা ব্যস্ড়তায় থাকবে। আল-াহ তাআলা বলেনঃ

﴿يَاأَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمْ إِنَّ زَلْزَلَةَ السَّاعَةِ شَيْءٌ عَظِيمٌ يَوْمَ تَرَوْنَهَا تَذْهَلُ كُلُّ مُرْضِعَةٍ عَمَّا أَرْضَعَتْ وَتَضَعُ كُلُّ ذَاتِ حَمْلٍ حَمْلَهَا وَتَرَى النَّاسَ سُكَارَى وَمَا هُمْ بِسُكَارَى وَلَكِنَّ عَذَابَ اللَّهِ شَدِيدٌ ﴾

"হে লোক সকল! তোমাদের পালনকর্তাকে ভয় কর। নিশ্চয় কিয়ামতের প্রকম্পন একটি ভয়ঙ্কর ব্যাপার। সে দিন তোমরা দেখতে পাবে প্রত্যেক স্ড়ন্যদায়ী তার দুধের শিশুকে ভুলে গেছে এবং প্রত্যেক গর্ভবতী মহিলা তার গর্ভের সন্ড়ান প্রসব করে দিবে। আর তুমি মানুষকে মাতাল অবস্থায় দেখতে পাবে। অথচ তারা মাতাল নয়। বস্তুতঃ আল-াহর আযাব খুবই কঠিন"। (সূরা হজ্জঃ ১-২) আল-াহ তাআলা বলেনঃ

﴿فَإِذَا جَاءَتْ الصَّاخَّةُ يَوْمَ يَفِرُّ الْمَرْءُ مِنْ أَخِيهِ وَأُمِّهِ وَأَبِيهِ وَصَاحِبَتِهِ وَبَنِيهِ لِكُلِّ امْرِئٍ مِنْهُمْ يَوْمَئِذٍ شَأْنٌ يُغْنِيهِ﴾

"অতঃপর যখন কর্ণ বিদারক আওয়াজ আসবে। সেদিন মানুষ পলায়ন করবে তার ভাইয়ের কাছ থেকে, তার মাতা, তার পিতা, তার স্ত্রী এবং তার সন্ড়নদের কাছ থেকেও। সেদিন প্রত্যেকেই নিজের চিন্ড়ায় ব্যস্ড় থাকবে, যা তাকে ব্যতিব্যস্ড় করে রাখবে"। (সূরা আবাসাঃ ৩৩-৩৭)

হাশরের মাঠের পরিস্থিতি হবে অত্যন্ড় ভীতিকরঃ

আয়েশা (রাঃ) হতে বর্ণিত আছে,

أَنَّهَا ذَكَرَتِ النَّارَ فَبَكَتْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ مَا يُبْكِيكِ قَالَتْ ذَكَرْتُ النَّارَ فَبَكَيْتُ فَهَلْ تَذْكُرُونَ أَهْلِيكُمْ يَوْمَ الْقِيَامَةِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ أَمَّا فِي ثَلَاثَةِ مَوَاطِنَ فَلَا يَذْكُرُ أَحَدٌ أَحَدًا عِنْدَ الْمِيزَانِ حَتَّى يَعْلَمَ أَيَخِفُّ مِيزَانُهُ أَوْ يَثْقُلُ وَعِنْدَ الْكِتَابِ حِينَ يُقَالُ (هَاؤُمُ اقْرَءُوا كِتَابِيَهْ) حَتَّى يَعْلَمَ أَيْنَ يَقَعُ كِتَابُهُ أَفِي يَمِينِهِ أَمْ فِي شِمَالِهِ أَمْ مِنْ وَرَاءِ ظَهْرِهِ وَعِنْدَ الصِّرَاطِ إِذَا وُضِعَ بَيْنَ ظَهْرَيْ جَهَنَّمَ

"তিনি জাহান্নামের আগুনের কথা মনে করে কাঁদতে শুর" করলেন। নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম তাঁকে জিজ্ঞেস করলেনঃ তুমি কাঁদছ কেন? তিনি বললেনঃ আমি জাহান্নামের কথা স্মরণ করে কাঁদছি। হাশরের মাঠে আপনি কি আপনার পরিবার ও আপনজনের কথা মনে রাখবেন? নবী (সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম) উত্তরে বললেনঃ তিনটি স্থান এমন রয়েছে যেখানে কেউ কাউকে স্মরণ করবেনা। (১) মানুষের আমল যখন মাপা হবে। তখন মানুষ সব কিছু ভুলে যাবে। চিন্ড়া একটাই থাকবে, তার নেক আমলের পাল-া ভারী হবে? না হালকা হবে। (২) যখন প্রত্যেকের আমলনামা দেয়া হবে তখন কেউ কাউকে স্মরণ করবেনা। আমলনামা ডান হাতে পাবে? না বাম হাতে পাবে- এনিয়ে চিন্ড়িত থাকবে। (৩) পুলসিরাত পার হওয়ার সময়ও সকলেই ভীত-সন্ত্রস্ড় থাকবে। কেউ কাউকে স্মরণ করবে না"।[১]

উলঙ্গ অবস্থায় মানুষেরা হাশরের মাঠে উপস্থিত হবেঃ

[1] -আবু দাউদ, অধ্যায়ঃ কিতাবুস্ সুন্নাহ।

আয়েশা (রাঃ) নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম হতে বর্ণনা করতে গিয়ে বলেনঃ আমি তাঁকে বলতে শুনেছি,

يُحْشَرُ النَّاسُ يَوْمَ الْقِيَامَةِ حُفَاةً عُرَاةً غُرْلًا قُلْتُ يَا رَسُولَ اللَّهِ النِّسَاءُ وَالرِّجَالُ جَمِيعًا يَنْظُرُ بَعْضُهُمْ إِلَى بَعْضٍ قَالَ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ يَا عَائِشَةُ الْأَمْرُ أَشَدُّ مِنْ أَنْ يَنْظُرَ بَعْضُهُمْ إِلَى بَعْضٍ

"কিয়ামতের দিন নগ্নপদ, উলঙ্গ, এবং খাতনাবিহীন অবস্থায় সমস্ড় মানুষকে হাশরের মাঠে উপস্থিত করা হবে। আয়েশা (রাঃ) বলেনঃ আমি বললামঃ হে আল-াহর রাসূল! নারী-পুরুষ সকলকেই এ অবস্থায় উপস্থিত করা হবে? তাহলে তো মানুষেরা একজন অন্যজনের দিকে তাকিয়ে থাকবে। নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বললেনঃ ব্যাপারটি একজন অন্যজনের দিকে তাকিয়ে থাকার চেয়ে অধিক ভয়াবহ হবে"।[১] প্রত্যেকেই নিজের অবস্থা কী হবে তা নিয়ে ব্যস্ড় থাকবে। একজন অন্যজনের দিকে তাকানোর চিন্ড়াও করবেনা।

হাশরের মাঠের একদিনঃ

হাশরের মাঠের একটি দিনের পরিমাণ হবে দুনিয়ার পঞ্চাশ হাজার বছরের সমান। এদিনের দীর্ঘতা দেখে মানুষ মনে করবে দুনিয়াতে তারা মাত্র সামান্য সময় বসবাস করেছিল। আল-াহ তাআলা বলেনঃ

﴿تَعْرُجُ الْمَلَائِكَةُ وَالرُّوحُ إِلَيْهِ فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خَمْسِينَ أَلْفَ سَنَةٍ﴾

[1] - বুখারী- মুসলিম, অধ্যায়ঃ কিতাবু সিফাতিল জান্নাত।

"ফেরেশতাগণ এবং রূহ্ (জিবরীল আঃ) আল-াহর দিকে উর্ধ্বগামী হবেন এমন একদিনে, যার পরিমাণ পঞ্চাশ হাজার বছরের সমান।" (সূরা মাআরিজঃ ৪)

মাথার উপরে সূর্যের আগমণঃ

দুনিয়াতে আমরা যে সূর্যের আলো পাচ্ছি তা বৈজ্ঞানিকদের হিসাব মতে আমাদের পৃথিবী থেকে কোটি কোটি মাইল দূরে অবস্থিত। সূর্য বর্তমানে যে অবস্থানে রয়েছে, তা ছেড়ে পৃথিবীর দিকে যদি এক চুল পরিমাণ সরে আসে, তাহলে পৃথিবীর সবকিছু পুড়ে ছাই হয়ে যাবে বৈজ্ঞানিকদের কথা থেকে জানা যায়। হাশরের মাঠে এই সূর্য মানুষের মাথার উপরে মাত্র এক মাইলের দূরত্বে চলে আসবে। নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

تَدْنُوْ الشَّمْسُ يَوْمَ الْقِيَامَةِ مِنَ الْخَلْقِ حَتَّى تَكُونَ مِنْهُمْ كَمِقْدَارِ مِيلٍ فَيَكُونُ النَّاسُ عَلَى قَدْرِ أَعْمَالِهِمْ فِي الْعَرَقِ فَمِنْهُمْ مَنْ يَكُونُ إِلَى كَعْبَيْهِ وَمِنْهُمْ مَنْ يَكُونُ إِلَى رُكْبَتَيْهِ وَمِنْهُمْ مَنْ يَكُونُ إِلَى حَقْوَيْهِ وَمِنْهُمْ مَنْ يُلْجِمُهُ الْعَرَقُ إِلْجَامًا قَالَ وَأَشَارَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ بِيَدِهِ إِلَى فِيهِ

"কিয়ামতের দিন সূর্য মানুষের মাথার উপরে চলে আসবে। মাত্র এক মাইলের ব্যবধান থাকবে। মানুষেরা তাদের নিজ নিজ আমল অনুযায়ী ঘামের মধ্যে হাবুডুবু খাবে। মানুষের শরীরের পঁচা ঘাম কারো টাখনু পর্যন্ড় পৌঁছে যাবে। কারো হাঁটু পর্যন্ড়, কারো কোমর পর্যন্ড় এবং কারো নাকের ডগা পর্যন্ড় পৌঁছে যাবে। একথা বলার পর নবী

সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম তাঁর মুখের দিকে ইঙ্গিত করে দেখালেন"।[১]

শৃংখলাবদ্ধ অবস্থায় কাফেরদের হাশরঃ

আল-াহ তাআলা বলেনঃ

﴿يَوْمَ تُبَدَّلُ الْأَرْضُ غَيْرَ الْأَرْضِ وَالسَّمَاوَاتُ وَبَرَزُوا لِلَّهِ الْوَاحِدِ الْقَهَّارِ وَتَرَى الْمُجْرِمِينَ يَوْمَئِذٍ مُقَرَّنِينَ فِي الْأَصْفَادِ سَرَابِيلُهُمْ مِنْ قَطِرَانٍ وَتَغْشَى وُجُوهَهُمْ النَّارُ﴾

"সেদিন পরিবর্তিত করা হবে এ পৃথিবীকে অন্য এক পৃথিবীতে এবং পরিবর্তিত করা হবে আসমানসমূহকে এবং লোকেরা পরাক্রমশালী এক আল-াহর সামনে হাজির হবে। তুমি ঐদিন পাপীদেরকে শৃংখলাবদ্ধ অবস্থায় দেখতে পাবে। তাদের পোষাক হবে দাহ্য আলকাতরার এবং তাদের মুখমন্ডল আগুন আচ্ছন্ন করে ফেলবে।" (সূরা ইবরাহীমঃ ৪৮-৫০)

অতঃপর সে ভয়ানক দিনে পৃথিবী পরিবর্তিত হয়ে যাবে। বর্তমানে যে অবস্থায় আছে সে অবস্থায় থাকবেনা। বুখারী ও মুসলিম শরীফে সাহ্ল বিন সা'দ (রাঃ) হতে বর্ণিত হয়েছে, রাসূল (সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম) বলেনঃ

---

[1] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল জান্নাত

يُحْشَرُ النَّاسُ يَوْمَ الْقِيَامَةِ عَلَى أَرْضٍ بَيْضَاءَ عَفْرَاءَ كَقُرْصَةِ نَقِيٍّ قَالَ سَهْلٌ أَوْ غَيْرُهُ لَيْسَ فِيهَا مَعْلَمٌ لِأَحَدٍ

"সকল মানুষকে কিয়ামতের দিন সাদা ময়দার রূটির মত পরিস্কার একটি ভূমিতে উপস্থিত করা হবে। তাতে কারো কোন নিশানা থাকবে না"।[১] মানুষ তখন পুলসিরাতের উপর থাকবে। কেননা মুসলিম শরীফে আয়েশা (রাঃ) হতে বর্ণিত হয়েছে, তিনি বলেনঃ আমিই সর্বপ্রথম রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-ামকে আল-াহর বাণীঃ

﴿يَوْمَ تُبَدَّلُ الْأَرْضُ غَيْرَ الْأَرْضِ وَالسَّمَاوَاتُ﴾

"সে দিন আসমান ও যমীনের অবস্থা পরিবর্তন হয়ে যাবে" এর ব্যাখ্যা জিজ্ঞেস করেছি। আয়েশা (রাঃ) বলেনঃ আমি তাঁকে জিজ্ঞেস করলামঃ মানুষ তখন কোথায় অবস্থান করবে? তিনি বললেনঃ পুল সিরাতের উপর"।[২]

সে দিন কাফের ও পাপিষ্ঠদের একজনকে অন্যজনের সাথে বাঁধা অবস্থায় দেখা যাবে। প্রত্যেককে তার স্বজাতীয় লোকের সাথে একত্রিত করা হবে। আল-াহ তাআলা বলেনঃ

﴿احْشُرُوا الَّذِينَ ظَلَمُوا وَأَزْوَاجَهُمْ وَمَا كَانُوا يَعْبُدُونَ ﴾

"জালেমদেরকে এবং তাদের সঙ্গীদেরকে একত্রিত করো"। (সূরা আস্-সাফ্ফাতঃ ২২) তাদের হাত, পা এবং ঘাড় শিকল দিয়ে বাঁধা অবস্থায়

---

[1] - সহীহ বুখারীঃ কিতাবুর রিকাক, মুসলিমঃ ছিফাতুল কিয়ামাহ।

[2] - মুসলিম, অধ্যায়ঃ সিফাতুল কিয়ামাহ।

দেখা যাবে। তাদেরকে আলকাতরার পোষাক পরিয়ে দেয়া হবে। আগুন তাদের চেহারা ঢেকে ফেলবে।

কাফেরদেরকে অন্ধ অবস্থায় টেনে হাশরের মাঠে আনা হবেঃ

আল-াহ তাআলা বলেনঃ

﴿وَنَحْشُرُهُمْ يَوْمَ الْقِيَامَةِ عَلَى وُجُوهِهِمْ عُمْيًا وَبُكْمًا وَصُمًّا مَأْوَاهُمْ جَهَنَّمُ كُلَّمَا خَبَتْ زِدْنَاهُمْ سَعِيرًا﴾

"আমি কিয়ামতের দিন তাদের সমবেত করবো তাদের মুখে ভর দিয়ে চলা অবস্থা, অন্ধ, বোবা ও বধির অবস্থায়। তাদের আবাসস্থল হবে জাহান্নাম। যখনই জাহান্নামের অগ্নি নির্বাপিত হওয়ার উপক্রম হবে তখনই আমি তাদের জন্য অগ্নি আরো বৃদ্ধি করে দিব।" (সূরা বানী ইসরাঈলঃ ৯৭) বুখারী ও মুসলিম শরীফে আনাস (রাঃ) হতে বর্ণিত হয়েছে,

﴿إِنَ رَجُلًا قَالَ يَا نَبِيَّ اللَّهِ كَيْفَ يُحْشَرُ الْكَافِرُ عَلَى وَجْهِهِ يَوْمَ الْقِيَامَةِ ؟ قَالَ أَلَيْسَ الَّذِي أَمْشَاهُ عَلَى الرِّجْلَيْنِ فِي الدُّنْيَا قَادِرًا عَلَى أَنْ يُمْشِيَهُ عَلَى وَجْهِهِ يَوْمَ الْقِيَامَةِ؟﴾

"জনৈক ব্যক্তি জিজ্ঞেস করলঃ হে আল-াহর রাসূল! কিভাবে কিয়ামতের দিন কাফেরকে মুখের উপর ভর দিয়ে হাঁটানো হবে? উত্তরে রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বললেনঃ দুনিয়াতে যিনি তাকে দু'পায়ের উপর হাঁটাতে সক্ষম ছিলেন তিনি কি কিয়ামতের দিন মুখের

উপর হাঁটাতে সক্ষম নন?[১] আল-াহ কাফেরদের আযাবের ব্যাপারে আরো বলেনঃ

﴿إِنَّ الْمُجْرِمِينَ فِي ضَلَالٍ وَسُعُرٍ يَوْمَ يُسْحَبُونَ فِي النَّارِ عَلَى وُجُوهِهِمْ ذُوقُوا مَسَّ سَقَرَ﴾

"নিশ্চয়ই অপরাধীরা পথভ্রষ্ট ও আযাবে নিপতিত। যেদিন তাদেরকে মুখের উপর করে টেনে নেয়া হবে জাহান্নামের দিকে। বলা হবেঃ জাহান্নামের যন্ত্রনা আস্বাদন কর। (সূরা কামারঃ ৪৭-৪৮) হাশরের মাঠে প্রচন্ড গরমের সাথে সাথে তারা পিপাসায় কাতর থাকবে। আল-াহ তাআলা বলেনঃ

﴿وَنَسُوقُ الْمُجْرِمِينَ إِلَى جَهَنَّمَ وِرْدًا﴾

"এবং আমি অপরাধীদেরকে পিপাসার্ত অবস্থায় জাহান্নামের দিকে হাঁকিয়ে নিয়ে যাবো।" (সূরা মারইয়ামঃ ৮৬) এটি নিঃসন্দেহে একটি কঠিন অবস্থা যেখানে তাদেরকে অপমানিত, লাঞ্ছিত, পিপাসিত ও ক্ষুধার্ত অবস্থায় জাহান্নামের দিকে হাঁকিয়ে নিয়ে যাওয়া হবে। তারা পানি চেয়ে চিৎকার করবে, কিন্তু পানি দেয়া হবে না, তারা ডাকা-ডাকি করবে, কিন্তু তাদের ডাকে সাড়া দেয়া হবে না, তারা সুপারিশের অনুসন্ধান করবে, কিন্তু তাদের জন্যে কোন সুপারিশকারী থাকবেনা।

কাফেররা পরস্পর ঝগড়া ও অভিসম্পাতে লিপ্ত হবেঃ

যখন আল-াহর শত্রু কাফেরেরা তাদের জন্যে নির্ধারিত শাস্তি

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুত তাফসীর।

প্রত্যক্ষ করবে তখন তাদের পারস্পরিক বন্ধুত্ব শত্রুতায় পরিণত হবে। একে অপরের সাথে শত্রুতা, ঝগড়া এবং অভিসম্পাতে লিপ্ত হবে। আল-াহ তাআলা বলেনঃ

﴿وَبَرَزُوا لِلَّهِ جَمِيعًا فَقَالَ الضُّعَفَاءُ لِلَّذِينَ اسْتَكْبَرُوا إِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ أَنْتُمْ مُغْنُونَ عَنَّا مِنْ عَذَابِ اللَّهِ مِنْ شَيْءٍ قَالُوا لَوْ هَدَانَا اللَّهُ لَهَدَيْنَاكُمْ سَوَاءٌ عَلَيْنَا أَجَزِعْنَا أَمْ صَبَرْنَا مَا لَنَا مِنْ مَحِيصٍ﴾

"সকলেই আল-াহর সামনে দন্ডায়মান হবে এবং দুর্বলরা সবলদেরকে বলবেঃ আমরা তো তোমাদের অনুসারী ছিলাম। অতএব তোমরা আল-াহর আযাব থেকে আমাদেরকে কিছুমাত্র রক্ষা করবে কি? তারা বলবেঃ যদি আল-াহ আমাদেরকে সৎপথ দেখাতেন তবে আমরা অবশ্যই তোমাদেরকে সৎপথ দেখাতাম। এখন আমরা ধৈর্যচ্যুত হই কিংবা সবর করি, সবই আমাদের জন্য সমান, আমাদের কোন রেহাই নেই। (সূরা ইবরাহীমঃ ২১) আল-াহ তাআলা আরো বলেনঃ

﴿وَإِذْ يَتَحَاجُّونَ فِي النَّارِ فَيَقُولُ الضُّعَفَاءُ لِلَّذِينَ اسْتَكْبَرُوا إِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ أَنْتُمْ مُغْنُونَ عَنَّا نَصِيبًا مِنَ النَّارِقَالَ الَّذِينَ اسْتَكْبَرُوا إِنَّا كُلٌّ فِيهَا إِنَّ اللَّهَ قَدْ حَكَمَ بَيْنَ الْعِبَادِ﴾

"যখন তারা জাহান্নামে পরস্পর বিতর্ক করবে, অতঃপর দুর্বলরা অহংকারীদেরকে বলবেঃ আমরা তোমাদের অনুসারী ছিলাম। তোমরা এখন জাহান্নামের আগুনের কিছু অংশ আমাদের থেকে লাঘব করবে কি? অহংকারীরা বলবেঃ আমরা সবাই তো জাহান্নামে আছি। আল-াহ তাঁর বান্দাদের মাঝে ফয়সালা করে দিয়েছেন"। (সূরা গাফেরঃ ৪৭-৪৮)

সেই ভয়াবহ দিনে বিভিন্ন প্রকার ঝগড়া হবে। আল-াহ ছাড়া অন্যান্য বাতিল মা'বূদ ও তাদের উপাসনাকারীদের মধ্যে ঝগড়া হবে। গোমরাহীর নেতাদের সাথে তাদের অনুসারীদের ঝগড়া হবে। দুনিয়াতে যারা পাপের কাজে একে অপরের সহযোগী ও বন্ধু ছিল তারা পরস্পরে বাদানুবাদে লিপ্ত হবে। এমনকি মানুষ যখন তার নিজ অঙ্গ-প্রত্যঙ্গের সাথে ঝগড়ায় লিপ্ত হবে তখন ঝগড়া আরো প্রকট আকার ধারণ করবে। আল-াহ তাআলা বলেনঃ

﴿وَيَوْمَ يُحْشَرُ أَعْدَاءُ اللَّهِ إِلَى النَّارِ فَهُمْ يُوزَعُونَ حَتَّى إِذَا مَا جَاءُوهَا شَهِدَ عَلَيْهِمْ سَمْعُهُمْ وَأَبْصَارُهُمْ وَجُلُودُهُمْ بِمَا كَانُوا يَعْمَلُونَ وَقَالُوا لِجُلُودِهِمْ لِمَ شَهِدْتُمْ عَلَيْنَا قَالُوا أَنطَقَنَا اللَّهُ الَّذِي أَنطَقَ كُلَّ شَيْءٍ وَهُوَ خَلَقَكُمْ أَوَّلَ مَرَّةٍ وَإِلَيْهِ تُرْجَعُونَ﴾

"যেদিন আল-াহর শত্রুদেরকে অগ্নিকুন্ডের দিকে ঠেলে নেয়া হবে এবং ওদের বিন্যস্ড় করা হবে বিভিন্ন দলে। পরিশেষে যখন তারা জাহান্নামের কাছে পৌঁছবে তখন তাদের কান, চক্ষু ও শরীরের চামড়া তাদের কৃতকর্ম সম্পর্কে সাক্ষ্য দিবে। তারা তাদের শরীরের চামড়াকে বলবে, তোমরা আমাদের বিপক্ষে সাক্ষ্য দিলে কেন? তারা বলবেঃ যে আল-াহ সবকিছুকে বাকশক্তি দিয়েছেন তিনি আমাদেরকেও বাকশক্তি দিয়েছেন। তিনিই তোমাদেরকে প্রথমবার সৃষ্টি করেছেন এবং তোমরা তাঁরই দিকে প্রত্যাবর্তিত হবে।" (সূরা হা-মীম সাজদাহঃ ১৯-২১) আনাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমরা একদা রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-ামএর পাশে ছিলাম। তখন তিনি হাসলেন। অতঃপর বললেনঃ

তোমরা কি জান আমি কিসের কারণে হাসছি? আনাস (রাঃ) বলেনঃ আমরা বললামঃ আল-াহ ও তাঁর রাসূলই সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম ভাল জানেন। তিনি বললেনঃ আল-াহর সামনে বান্দার কথোপকথন শুনে আমি হাসছি। সে বলবেঃ হে আমার প্রতিপালক! আমাকে যুলুম থেকে পরিত্রাণ দিবেন না? রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ আল-াহ বলবেনঃ হ্যাঁ অবশ্যই। তখন সে বলবেঃ আমার বির"দ্ধে আমার নিজের ভিতর থেকে কোন সাক্ষী ছাড়া অন্য কারো সাক্ষ্য গ্রহণ করবোনা। তিনি বলেনঃ তখন আল-াহ বলবেনঃ আজকের দিনে তোমার বির"দ্ধে তোমার নফস এবং সম্মানিত লেখকগণই (ফেরেশতা) সাক্ষী হিসাবে যথেষ্ট। অতঃপর তার মুখে তালা লাগিয়ে দেয়া হবে এবং তার অঙ্গসমূহকে কথা বলার আদেশ দেয়া হবে তখন তার অঙ্গসমূহ তার কৃতকর্ম সম্পর্কে কথা বলতে শুর" করবে। রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ অতঃপর তাকে তার অঙ্গের সাথে কথা বলার জন্য ছেড়ে দেয়া হবে। এক পর্যায়ে সে বলবে ধ্বংস হও তোমরা; আফসোস তোমাদের জন্যে! দুনিয়াতে তোমাদের জন্যই তো আমি এত পরিশ্রম করতাম"।[১] কাফেররা জাহান্নামে প্রবেশ করার পর উঁচু আওয়াজে একে অপরের উপর অভিসম্পাত করবে এবং একজন অন্যজনকে দ্বিগুণ শাস্ড়ি দেয়ার আবদার করবে। আল-াহ তাআলা বলেনঃ

[1] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুয্ যুহদ।

﴿كُلَّمَا دَخَلَتْ أُمَّةٌ لَعَنَتْ أُخْتَهَا حَتَّى إِذَا ادَّارَكُوا فِيهَا جَمِيعًا قَالَتْ أُخْرَاهُمْ لِأُولَاهُمْ رَبَّنَا هَؤُلَاءِ أَضَلُّونَا فَآتِهِمْ عَذَابًا ضِعْفًا مِنْ النَّارِ﴾

"যখন এক সম্প্রদায় নরকে প্রবেশ করবে তখন অন্য সম্প্রদায়কে অভিসম্পাত করবে। এমন কি যখন সবাই তাতে পতিত হবে তখন পরবর্তীরা পূর্ববর্তীদের সম্পর্কে বলবেঃ হে আমাদের প্রতিপালক! এরাই আমাদেরকে বিপথগামী করেছিল। অতএব তুমি এদেরকে দ্বিগুণ শাস্ড়ি প্রদান করো।" (সূরা আরাফঃ ৩৮)

কাফেরদের অনুতাপ ও দুনিয়ায় ফেরত আসা বা ধ্বংস কামনাঃ

যখন কাফেরেরা আযাব ও লাঞ্ছনা প্রত্যক্ষ করবে তখন তারা অনুতপ্ত ও হতাশাগ্রস্ড় হবে। এজন্যই কিয়ামতের দিনকে হতাশার দিন বলে আখ্যায়িত করা হয়েছে। আল-াহ তাআলা বলেনঃ

﴿وَأَنذِرْهُمْ يَوْمَ الْحَسْرَةِ إِذْ قُضِيَ الْأَمْرُ وَهُمْ فِي غَفْلَةٍ وَهُمْ لَا يُؤْمِنُونَ﴾

"তুমি তাদেরকে পরিতাপের দিবস সম্পর্কে হুঁশিয়ার করে দাও যখন সব ব্যাপারে মীমাংসা হয়ে যাবে। এখন তারা অমনোযোগী অবস্থায় রয়েছে এবং তারা বিশ্বাস স্থাপন করছেনা।" (সূরা মারইয়ামঃ ৩৯) কাফের তার নিকট প্রেরিত রাসূলের আনুগত্য না করার কারণে এবং রাসূলদের শত্রুদের অনুসরণের কারণে অনুতপ্ত ও লজ্জিত হয়ে আপন হাতে দাঁত দিয়ে কামড়াতে থাকবে। আল-াহ তাআলা বলেনঃ

﴿وَيَوْمَ يَعَضُّ الظَّالِمُ عَلَى يَدَيْهِ يَقُولُ يَالَيْتَنِي اتَّخَذْتُ مَعَ الرَّسُولِ سَبِيلًا يَا لَيْتَنِي لَمْ أَتَّخِذْ فُلَانًا خَلِيلًا لَقَدْ أَضَلَّنِي عَنْ الذِّكْرِ بَعْدَ إِذْ جَاءَنِي وَكَانَ الشَّيْطَانُ لِلْإِنسَانِ خَذُولًا﴾

"যালেম সেদিন আপন হস্তদ্বয় দংশন করতে করতে বলবেঃ হায় আফসোস! আমি যদি রাসূলের সাথে পথ অবলম্বন করতাম! হায় আমার দুর্ভাগ্য! আমি যদি অমুককে বন্ধুরূপে গ্রহণ না করতাম! আমার কাছে উপদেশ আসার পর সে আমাকে তা থেকে বিভ্রান্ত করেছে। শয়তান মানুষকে বিপদকালে ধোকা দেয়"। (সূরা ফুরকানঃ ২৭-২৯) সেদিন কাফেররা নিশ্চিতরূপে অনুধাবন করতে পারবে যে, তাদের গুনাহসমূহ ক্ষমা করা হবেনা এবং তাদের ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবেনা। তাই তারা আল-াহর রহমত হতে সম্পূর্ণ নিরাশ হয়ে যাবে। আল-াহ তাআলা বলেনঃ

﴿وَيَوْمَ تَقُومُ السَّاعَةُ يُبْلِسُ الْمُجْرِمُونَ﴾

"যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন অপরাধীরা হতাশ হয়ে যাবে"। (সূরা রোমঃ ১২) কাফেরেরা পুনরায় দুনিয়াতে আসার আবদার করবে যাতে তারা মুত্তাকী ও ঈমানদার হয়ে সৎকর্ম সম্পাদন করতে পারে। আল-াহ তাআলা বলেনঃ

﴿وَلَوْ تَرَى إِذْ وُقِفُوا عَلَى النَّارِ فَقَالُوا يَالَيْتَنَا نُرَدُّ وَلَا نُكَذِّبَ بِآيَاتِ رَبِّنَا وَنَكُونَ مِنْ الْمُؤْمِنِينَ﴾

"আর আপনি যদি দেখেন যখন তাদেরকে দোযখের উপর দাড় করানো হবে। তারা বলবেঃ কতই না ভাল হতো যদি আমরা দুনিয়ায় পুনঃপ্রেরিত হতাম তা হলে আমরা স্বীয় পালনকর্তার নিদর্শন সমূহের উপর মিথ্যারোপ করতাম না এবং আমরা বিশ্বাসীদের অন্তর্ভূক্ত হয়ে যেতাম।" (সূরা আনআমঃ ২৭) আল-াহ তাআলা বলেনঃ

﴿وَلَوْ تَرَى إِذْ الْمُجْرِمُونَ نَاكِسُوا رُءُوسِهِمْ عِنْدَ رَبِّهِمْ رَبَّنَا أَبْصَرْنَا وَسَمِعْنَا فَارْجِعْنَا نَعْمَلْ صَالِحًا إِنَّا مُوقِنُونَ﴾

"যদি আপনি দেখতেন যখন অপরাধীরা তাদের পালনকর্তার সামনে নতশির হয়ে বলবেঃ হে আমাদের পালনকর্তা! আমরা দেখলাম ও শ্রবণ করলাম। এখন আমাদেরকে দুনিয়ায় পাঠিয়ে দিন। আমরা সৎকর্ম করব। আমরা দৃঢ় বিশ্বাসী হয়ে গেছি"। (সূরা সাজদাহঃ ১২)

সেদিন কাফেরেরা ভয়াবহ আযাব সহ্য করতে না পেরে আল-াহর কাছে নিজেদেরকে ধ্বংস অথবা মাটিতে পরিণত করে দেয়ার আবেদন করবে। আল-াহ তাআলা বলেনঃ

﴿يَوْمَئِذٍ يَوَدُّ الَّذِينَ كَفَرُوا وَعَصَوْا الرَّسُولَ لَوْ تُسَوَّى بِهِمْ الْأَرْضُ﴾

"সেদিন কাফেরেরা এবং রাসূলের বির"দ্ধাচরণকারীরা কামনা করবে যে, তাদেরকে মাটির সাথে মিশিয়ে দেয়া হোক।" (সূরা নিসাঃ ৪১) আল-াহ তাআলা আরো বলেনঃ

﴿وَيَقُولُ الْكَافِرُ يَالَيْتَنِي كُنتُ تُرَابًا﴾

"সেদিন কাফেরেরা বলবে, হায় যদি আমি মাটি হয়ে যেতাম।" (সূরা নাবাঃ ৪০)

যারা জাহান্নামে চিরকাল থাকবে, কখনো বের হতে পারবেনাঃ

কাফের, মুশরেক ও মুনাফেকেরা চিরস্থায়ীভাবে জাহান্নামে অবস্থান করবে। কখনও তা থেকে বের হতে পারবেনা। আল-াহ তাআলা বলেনঃ

﴿وَالَّذِينَ كَذَّبُوا بِآيَاتِنَا وَاسْتَكْبَرُوا عَنْهَا أُوْلَئِكَ أَصْحَابُ النَّارِ هُمْ فِيهَا خَالِدُونَ﴾

"যারা আমার আয়াতসমূহকে মিথ্যা বলবে এবং তা থেকে অহংকার করবে তারাই দোযখী এবং তথায় তারা চিরকাল থাকবে"। (সূরা আরাফঃ ৩৬) আল-াহ আরো বলেনঃ

﴿وَالَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا بِآيَاتِنَا أُوْلَئِكَ أَصْحَابُ النَّارِ هُمْ فِيهَا خَالِدُونَ﴾

"যারা আমার আয়াত সমূহের সাথে কুফরী করেছে এবং তাকে মিথ্যা প্রতিপন্ন করেছে তারা জাহান্নামী। তথায় তারা অনাদিকাল অবস্থান করবে।" (সূরা বাকারাঃ ৩৯) আল-াহ তাআলা মুনাফেকদের ব্যাপারে বলেনঃ

﴿إِنَّ الْمُنَافِقِينَ فِي الدَّرْكِ الْأَسْفَلِ مِنْ النَّارِ وَلَنْ تَجِدَ لَهُمْ نَصِيرًا﴾

"নিশ্চয় মুনাফেকরা জাহান্নামের সর্বনিম্নস্ড়রে অবস্থান করবে আর তুমি তাদের জন্য কোন সাহায্যকারী পাবেনা।" (সূরা নিসাঃ ১৪৫) যখন কাফেরদের আযাব কঠিন আকার ধারণ করবে এবং দীর্ঘ দিন পর্যন্ড় তারা সকল প্রকার কল্যাণ থেকে নিরাশ ও বঞ্চিত থাকবে তখন তাদের মনে নতুন এক আশার উদয় হবে। তাই জাহান্নামের প্রহরী 'মালেক' ফেরেশতাকে আহবান করে তারা বলবেঃ হে মালেক! আমাদেরকে মৃত্যু দান করা হোক, যাতে আমরা এই কঠিন শাস্ড়ি হতে রেহাই পেয়ে যাই। কারণ আমরা মহা পেরেশানী এবং এমন ভয়াবহ আযাবের মধ্যে রয়েছি যা সহ্য করার মত ধৈর্য নিঃশেষ হয়ে গেছে। ইবনে আব্বাস (রাঃ) বলেনঃ এক হাজার বছর পর মালেক ফেরেশতা তাদের কথার উত্তর দিয়ে বলবেনঃ তোমাদেরকে এখানেই থাকতে হবে। তোমাদের জন্য এখান থেকে বের হওয়ার কোন ব্যবস্থা রাখা হয়নি। একথা শুনে তাদের পেরেশানী ও দুঃখ আরো বেড়ে যাবে। আল-াহ তাআলা বলেনঃ

﴿يُرِيدُونَ أَنْ يَخْرُجُوا مِنْ النَّارِ وَمَا هُمْ بِخَارِجِينَ مِنْهَا وَلَهُمْ عَذَابٌ مُقِيمٌ﴾

"তারা জাহান্নামের আগুন থেকে বের হওয়ার ইচ্ছা করবে অথচ তাদের জন্য বের হওয়ার কোন উপায় থাকবেনা। আর তাদের জন্য রয়েছে চিরস্থায়ী শাস্তি।" (সূরা মায়িদাহঃ ৩৭) তারা দুনিয়াতে ফেরত পাঠানোর আবেদন করবে, কিন্তু তাদের কথার প্রতি কর্ণপাত করা হবেনা। আল-াহ তা'আলা বলেনঃ

﴿رَبَّنَا أَخْرِجْنَا مِنْهَا فَإِنْ عُدْنَا فَإِنَّا ظَالِمُونَ قَالَ اخْسَئُوا فِيهَا وَلَا تُكَلِّمُونِي﴾

"তারা বলবেঃ হে আমাদের প্রতিপালক! আমাদেরকে পুনরায় দুনিয়াতে পাঠিয়ে দিন। আমরা যদি আবার দুনিয়াতে পাপের কাজে লিপ্ত হই তাহলে জালেমদের অন্তর্ভূক্ত হব। আল-াহ তাআলা বলবেনঃ তোমরা এখানেই পড়ে থাক এবং আমার সাথে কোন কথা বলোনা।" (সূরা মুমিনূনঃ ১০৭-১০৮)

ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

إِذَا صَارَ أَهْلُ الْجَنَّةِ إِلَى الْجَنَّةِ وَأَهْلُ النَّارِ إِلَى النَّارِ جِيءَ بِالْمَوْتِ حَتَّى يُجْعَلَ بَيْنَ الْجَنَّةِ وَالنَّارِ ثُمَّ يُذْبَحُ ثُمَّ يُنَادِي مُنَادٍ يَا أَهْلَ الْجَنَّةِ لَا مَوْتَ وَيَا أَهْلَ النَّارِ لَا مَوْتَ فَيَزْدَادُ أَهْلُ الْجَنَّةِ فَرَحًا إِلَى فَرَحِهِمْ وَيَزْدَادُ أَهْلُ النَّارِ حُزْنًا إِلَى حُزْنِهِمْ

"যখন জান্নাতবাসীগণ জান্নাতে চলে যাবেন এবং জাহান্নামীরা জাহান্নামে প্রবেশ করবে তখন মৃত্যুকে নিয়ে আসা হবে এবং তাকে জান্নাত ও জাহান্নামের মধ্যবর্তী একটি স্থানে রেখে যবেহ করে দিয়ে ঘোষণা করা হবেঃ হে জান্নাতবাসীগণ! তোমাদের আর মৃত্যু হবেনা। তোমরা এখানে

অনাদিকাল অবস্থান করবে। ওহে জাহান্নামীরা! তোরা চিরকাল এ কঠিন আযাব ভোগ করবি। তোদের আর মৃত্যু হবেনা। এ কথা শুনে বেহেশতের অধিবাসীদের আনন্দ ও খুশী আরো বেড়ে যাবে এবং জাহান্নামীদের দুঃখ ও পেরেশানী আরো বৃদ্ধি পাবে"।[১]

অন্য বর্ণনায় এসেছে, কিয়ামতের দিন মৃত্যুকে সাদা-কালো মিশ্রিত রঙ্গের একটি দুম্বার আকৃতিতে জান্নাত এবং জাহন্নামের মবধ্যবর্তী একটি নির্দিষ্ট স্থানে উপস্থিত করে প্রথমে জান্নাতের অধিবাসীদেরকে ডাক দিয়ে জিজ্ঞেস করা হবে, হে জান্নাতবাসীগণ! তোমরা কি একে চেন? তাঁরা বলবেনঃ আমরা তাকে চিনি। সে হলো মৃত্যু। অতঃপর জাহান্নামীদেরকে জিজ্ঞেস করা হবেঃ তোমরা কি একে চেন? তারা বলবেঃ আমরা তাকে চিনি। সে হলো মৃত্যু। অতঃপর তাকে যবেহ করা হবে।

এই হাদীছটি বর্ণনা করার পর ইমাম কুরতুবী (রঃ) বলেনঃ এই হাদীছটি কাফেরদের চিরস্থায়ী জাহান্নামী হওয়ার ব্যাপারে সুস্পষ্ট দলীল। নির্দিষ্ট কোন সীমা বা কাল পর্যন্ড় নয়। বরং তারা কোন প্রকার জীবন-মৃত্যু, আরাম-আয়েশ ও নাজাত ছাড়াই অনাদিকাল পর্যন্ড় জাহান্নামে অবস্থান করবে। আল-াহ তা'আলা তাঁর মহাগ্রন্থ আল-কুরআনে কাফেরদের শাস্ড়ি বর্ণনা করতে গিয়ে বলেনঃ

﴿وَالَّذِينَ كَفَرُوا لَهُمْ نَارُ جَهَنَّمَ لَا يُقْضَى عَلَيْهِمْ فَيَمُوتُوا وَلَا يُخَفَّفُ عَنْهُمْ مِنْ عَذَابِهَا كَذَلِكَ نَجْزِي كُلَّ كَفُورٍ﴾

[1] -বুখারী, অধ্যায়ঃ কিতাবুর রিকাক।

"যারা কুফরী করেছে তাদের জন্যে রয়েছে জাহান্নামের আগুনের শাস্ড়ি। তাদেরকে মৃত্যুর আদেশও দেয়া হবে না যে তারা মরে যাবে এবং তাদের শাস্ড়িও লাঘব করা হবেনা। আমি প্রত্যেক কাফেরকে এভাবেই শাস্ড়ি দিয়ে থাকি।" (সূরা ফাতিরঃ ৩৬) আল-াহ বলেনঃ

﴿كُلَّمَا نَضِجَتْ جُلُودُهُمْ بَدَّلْنَاهُمْ جُلُودًا غَيْرَهَا﴾

"আগুনের তাপে যখন তাদের চামড়াগুলো জ্বলে-পুড়ে যাবে তখন আবার আমি তা পালটে দেব অন্য চামড়া দিয়ে।" (সূরা নিসাঃ ৫৬) আল-াহ তাআলা আরো বলেনঃ

﴿فَالَّذِينَ كَفَرُوا قُطِّعَتْ لَهُمْ ثِيَابٌ مِنْ نَارٍ يُصَبُّ مِنْ فَوْقِ رُءُوسِهِمْ الْحَمِيمُ يُصْهَرُ بِهِ مَا فِي بُطُونِهِمْ وَالْجُلُودُ وَلَهُمْ مَقَامِعُ مِنْ حَدِيدٍ كُلَّمَا أَرَادُوا أَنْ يَخْرُجُوا مِنْهَا مِنْ غَمٍّ أُعِيدُوا فِيهَا﴾

"অতএব যারা কাফের তাদের জন্য আগুনের পোশাক তৈরী করা হয়েছে। তাদের মাথার উপর ফুটন্ড় পানি ঢেলে দেয়া হবে। ফলে তাদের পেটে যা আছে তা এবং চর্ম গলে বের হয়ে যাবে। তাদের জন্য রয়েছে লোহার হাতুড়ি। তারা যখনই যন্ত্রনায় অতিষ্ট হয়ে জাহান্নাম থেকে বের হতে চাইবে তখনই তাতে ফেরত দেয়া হবে।" (সূরা হজ্জঃ ১৯-২২)

ইবলীসের ভাষণঃ

হাশরের মাঠে মানুষের মাঝে যখন ফয়সালা শেষ হওয়ার পর মুমিনগণ জান্নাতে চলে যাবেন এবং কাফেরেরা জাহান্নামে নিপতিত হবে। শয়তানের অনুসারী জাহান্নামীরা যখন শয়তানকে এই বলে

দোষারোপ করবে যে, আমরা তোমার কথায় সাড়া দিয়েছিলাম। দুনিয়াতে তুমি আমাদেরকে গোমরাহ করেছিলে ইত্যাদি বলে শয়তানকে দোষারোপ করবে। শয়তান তখন নিজেকে সম্পূর্ণ দোষমুক্ত ঘোষণা করে একটি ভাষণ প্রদান করবে। আল-াহ তাআলা কুরআনে শয়তানের সেই ভাষণটি তুলে ধরেছেন। আল-াহ বলেনঃ

﴿وَقَالَ الشَّيْطَانُ لَمَّا قُضِيَ الْأَمْرُ إِنَّ اللَّهَ وَعَدَكُمْ وَعْدَ الْحَقِّ وَوَعَدْتُكُمْ فَأَخْلَفْتُكُمْ وَمَا كَانَ لِيَ عَلَيْكُمْ مِنْ سُلْطَانٍ إِلَّا أَنْ دَعَوْتُكُمْ فَاسْتَجَبْتُمْ لِي فَلَا تَلُومُونِي وَلُومُوا أَنْفُسَكُمْ مَا أَنَا بِمُصْرِخِكُمْ وَمَا أَنْتُمْ بِمُصْرِخِيَّ إِنِّي كَفَرْتُ بِمَا أَشْرَكْتُمُونِي مِنْ قَبْلُ إِنَّ الظَّالِمِينَ لَهُمْ عَذَابٌ أَلِيمٌ﴾

“কিয়ামত দিবসে যখন ফয়সালা হয়ে যাবে তখন শয়তান বলবেঃ নিশ্চয় আল-াহ্ তাআলা তোমাদেরকে সত্য ওয়াদা দিয়েছিলেন। আমিও ওয়াদা দিয়েছিলাম। কিন্তু আমার ওয়াদা ছিল মিথ্যা এবং আমি সেই ওয়াদা ভঙ্গ করেছি। তোমাদের উপর আমার কোন কর্তৃত্ব ছিলনা। শুধু আমি তোমাদেরকে ডেকেছিলাম আর তোমরা আমার ডাকে সাড়া দিয়েছিলে। অতএব আজ তোমরা আমাকে দোষারোপ করোনা। নিজেদেরকে দোষারোপ কর। আমি তোমাদেরকে শাস্ড়ি থেকে বাঁচাতে পারবনা। তোমরাও আমাকে বাঁচাতে পারবেনা। তোমরা ইতিপূর্বে আমাকে আল-াহর সাথে শরীক স্থাপন করেছিলে। আমি তা অস্বীকার করছি। নিশ্চয়ই জালেমদের জন্য রয়েছে যন্ত্রনাদায়ক কঠিন শাস্ড়ি।” (সূরা ইবরাহীমঃ ২২)

হাশরের মাঠে মানুষের হিসাব এবং আমলনামা প্রদানঃ

হাশরের মাঠে মানুষের মাঝে হিসাব সমাপ্ত হওয়ার পর প্রত্যেককে নিজ নিজ আমলনামা প্রদান করা হবে। যারা ডান হাতে আমলনামা পাবেন তারা অত্যন্ড় খুশী হবেন। মানুষকে বিশেষভাবে কয়েকটি বিষয়ের হিসাব দিতে হবে। নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম) বলেনঃ পাঁচটি বিষয়ের উত্তর দেয়া ছাড়া কোন মানুষ হাশরের মাঠে এক পা অগ্রসর হতে পারবে না। তার বয়স সম্পর্কে এবং কিভাবে তা শেষ করেছে। যৌবন সম্পর্কে এবং কিভাবে তা অতিবাহিত করেছে। তার মাল সম্পর্কে, কোথা থেকে সে তা উপার্জন করেছে এবং কোথায় তা ব্যয় করেছে এবং ইল্ম অনুযায়ী সে কতটুকু আমল করেছে।[১] আল-াহ তাআলা ডান হাতে আমলনামাপ্রাপ্ত মুমিনদের খুশীর অবস্থা বর্ণনা করেছেন। আল-াহ তাআলা বলেনঃ

﴿فَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ بِيَمِينِهِ فَيَقُولُ هَاؤُمُ اقْرَءُوا كِتَابِيهِ ۝ إِنِّي ظَنَنتُ أَنِّي مُلَاقٍ حِسَابِيَهْ فَهُوَ فِي عِيشَةٍ رَاضِيَةٍ فِي جَنَّةٍ عَالِيَةٍ قُطُوفُهَا دَانِيَةٌ كُلُوا وَاشْرَبُوا هَنِيئًا بِمَا أَسْلَفْتُمْ فِي الْأَيَّامِ الْخَالِيَةِ﴾

“অতঃপর যার আমলনামা ডান হাতে দেয়া হবে সে বলবেঃ এসো! তোমরাও আমার আমলনামা পড়ে দেখ। আমি জানতাম যে, আমাকে হিসাবের সম্মুখীন হতে হবে। অতঃপর সে সুখী জীবন যাপন করবে সুউচ্চ জান্নাতে। তার ফলসমূহ অবনমিত থাকবে। বিগত দিনে তোমরা যা প্রেরণ করেছিলে তার প্রতিদান স্বরূপ তোমরা খাও এবং পান কর তৃপ্তি সহকারে।” (সূরা আল-হাক্কাহঃ ১৯- ২৪) কাফের এবং মুনাফেকরা বাম হাতে পিছন দিক থেকে তাদের আমলনামা গ্রহণ করবে। তারা বাম

[1]- তিরমিজী, অধ্যায়ঃ সিফাতুল কিয়ামাহ।

হাতে আমলনামা পেয়ে নিজেদের ধ্বংস কামনা করবে। আল-াহ তাদের অবস্থা উলে- খ করে বলেনঃ

অতঃপর যদি তুমি জান্নাতের নির্মাণ সম্পর্কে জিজ্ঞেস করো, তবে জেনে নাও যে উহার একটি ইট রূপার তৈরী এবং অপরটি স্বর্ণের তৈরী।

জান্নাতের বৃক্ষরাজিঃ

জান্নাতের বৃক্ষসমূহ ও তার পাতাগুলো সোনালী ও রূপালী বর্ণের হবে। ফলগুলো হবে কলসীর ন্যায় বৃহদাকার ও মাখনের ন্যায় নরম এবং মধুর চেয়েও মিষ্টি। বেহেশতের একটি বৃক্ষের ছায়া এত দীর্ঘ হবে

---

[1] - বুখারী, অধ্যায়ঃ আহাদীছুল আম্বীয়া।

যে একজন দ্রুতগামী অশ্বারোহী একশত বছরেও তার একপ্রান্ড় থেকে অপর প্রান্ড়ে পৌঁছতে পারবেনা। জান্নাতের বৃক্ষসমূহে বাতাস প্রবাহের ফলে পাতাগুলো থেকে এমন বাজনার শব্দ শোনা যাবে যার তালে তালে জান্নাতবাসীগণ আনন্দে মেতে উঠবেন।

বেহেশতের নদীসমূহঃ

জান্নাতে বিভিন্ন প্রকার নদী থাকবে। (১) দুধের নদী থাকবে যার স্বাদ কখনো পরিবর্তন হওয়ার নয়। (২) মদের নদী প্রবাহিত হবে। তবে তা দুনিয়ার মদের মত নয়। তা হবে অত্যন্ড় সুস্বাদু। জান্নাতের শরাব পান করার পর মাথা ব্যথা, নেশা বা বমি হবেনা যা দুনিয়ার মদ পান করার পর হয়ে থাকে; বরং তা পান করার পর শরীরের শক্তি বৃদ্ধি পাবে। (৩) জান্নাতে আরো থাকবে পরিচ্ছন্ন খাঁটি মধুর নহর যা আল-াহর প্রিয় বান্দাদের জন্য তৈরী করে রাখা হয়েছে। (৪) পরিস্কার পানির নদীও থাকবে সেখানে।

হাউযে কাউছারের বর্ণনাঃ

বেহেশতের মধ্যে থাকবে নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-ামএর হাউযে কাউছার, যার পানি হবে দুধের চেয়ে সাদা, মধুর চেয়ে মিষ্টি এবং তার সুঘ্রাণ হবে কস্ড়ুরীর চেয়েও অধিক পবিত্র। আকাশের তারকার সমপরিমাণ তার পেয়ালার সংখ্যা হবে। যে ব্যক্তি একবার তা থেকে পান করবে চিরদিনের জন্য তার পিপাসা মিটে যাবে।

জান্নাতে পানাহারের বর্ণনাঃ

আপনি যদি জান্নাতীদের খাদ্য সম্পর্কে জিজ্ঞেস করেন, তবে জেনে নিন তাদের খাদ্য হবে তাদের পছন্দ মত ফলমূল এবং রুচী সম্মত পাখীর গোশত। তাদের পানীয় হবে তাসনিমের পানি এবং কর্পুর ও আদার রস মিশ্রিত শরবত। তাদের পানাহারের পাত্রগুলো হবে সোনা ও রূপার তৈরী। তবে তার রং হবে পানপাত্রের রঙ্গের মত। তারা পানাহার করবে; কিন্তু প্রস্রাব-পায়খানার প্রয়োজন হবেনা। শরীর থেকে এমন ঘাম বের হবে যার সুগন্ধ হবে কস্তুরীর সুঘ্রাণ থেকেও উত্তম।

জান্নাতীদের পোষাকের বর্ণনাঃ

তাদেরকে রেশমের পোষাক ও স্বর্ণের অলংকার পরিধান করানো হবে। তাদের বিছানাও হবে মোটা রেশমের তৈরী।

জান্নাতের প্রশস্ততা

আপনি যদি বেহেশতের প্রশস্ততা সম্পর্কে জানতে চান তাহলে জেনে নিন যে, বেহেশতের দরজার দুই কপাটের মধ্যখানের প্রশস্ততা হবে চলি-শ বছরের রাস্তা। বেহেশতের ছাদের উচ্চতা হবে আকাশে উদীয়মান নক্ষত্রের দূরত্বের সমান।

জান্নাতীদের বয়সঃ

বেহেশতবাসীদের বয়স হবে ৩৩বছর। তাদের মুখে কোন দাড়ি-মোচ থাকবেনা। তাদের যৌবন শেষ হবেনা এবং পোষাকও পুরাতন হবেনা। তাদের প্রথম দলটির চেহারা হবে পূর্ণিমার রাত্রির চাঁদের মত উজ্জ্বল। দৈর্ঘ্য ও শরীরের গঠন হবে মানব জাতির পিতা আদম (আঃ)এর সমান।

জান্নাত বাসীদের গান শ্রবণঃ

জান্নাতীদের মনের তৃপ্তির জন্য হুরদের মধ্য থেকে তাদের স্ত্রীগণ সঙ্গীত পরিবেশন করবেন। তারা সেখানে ফেরেশতা ও নবী-রাসূলগণের কণ্ঠস্বরও শুনতে পাবেন। তাছাড়া সেখানে সৃষ্টিজগতের প্রতিপালক আল-াহর কণ্ঠস্বরও শ্রবণ করবেন।

জান্নাতের যানবাহনঃ

জান্নাতীগণ যে ধরণের যানবাহনের উপর আরোহন করে পরস্পরে সাক্ষাৎ করবেন। আপনি যদি তার পরিচয় জানতে চান তবে জেনে নিন যে উহা এমন এক প্রকার দ্রুতগামী বাহন, যা আল-াহ তাআলা নিজ পছন্দমত জিনিষ হতে তৈরী করেছেন। এ সমস্ড় বাহনে আরোহন করে জান্নাতীরা নিজেদের খুশীমত যেখানে ইচ্ছা ঘুরে বেড়াবেন।

জান্নাতের সেবকদের পরিচয়ঃ

জান্নাতবাসীদের সেবায় নিয়োজিত থাকবে মণি-মুক্তার মত উজ্জ্বল চেহারা বিশিষ্ট বালকেরা। তারা সদাসর্বদা একই বয়স ও অবস্থায় থাকবে।

জান্নাতের হুরদের বিবরণঃ

আপনি যদি জান্নাতবাসীদের স্ত্রীদের সৌন্দর্য্য সম্পর্কে জিজ্ঞেস করেন তাহলে জেনে নিন যে, তাঁরা হবেন উঠতি বয়সের যুবতী রমণী। তাঁদের প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গে প্রবাহিত থাকবে নব যৌবনের স্বর্গীয় সুধা। তাদের গাল হবে গোলাপ ও আপেলের মত লাল মিশ্রিত সাদা বর্ণের। গলায় পরানো থাকবে মণি-মুক্তার অলংকার। তাদের চেহারা সূর্যের মত উজ্জ্বল চকচকে হবে। তারা যখন হাসবে তখন তাদের মুখমন্ডল থেকে বিজলির মত আলোর চমক বের হতে থাকবে। জান্নাতবাসী একজন পুরুষ তাঁর

স্ত্রীর গালে নিজের চেহারা দেখতে পাবেন। যেমন আয়নায় নিজের ছবি দেখতে পাওয়া যায়। মাংস ও পোষাকের ভিতরে আচ্ছাদিত হাড়ের মজ্জাসমূহ বাহির থেকে দেখা যাবে। জান্নাতের একজন হুর যদি দুনিয়াতে একবার দৃষ্টি দিত তাহলে আকাশ ও যমিনের মধ্যবর্তী স্থান সুবাসে ভরে যেত, সমস্ড় সৃষ্টি আল-াহর প্রশংসা ও বড়ত্ব বর্ণনা করত, পূর্ব ও পশ্চিম প্রান্ড়কে তথা সমগ্র পৃথিবীটাকে সুসজ্জিত করে দিতো, প্রতিটি চোখ সকল জিনিষ থেকে দৃষ্টি ফিরিয়ে তাঁর দিকে চেয়ে থাকতো, সূর্যের আলোতে যেমন তারকারাজির আলো মিটে যায় তেমনি তাঁর চেহারার আলোতে সূর্যের আলো মিটে যেতো। বেহেশতের একজন হুরকে যদি দুনিয়ার মানুষেরা দেখতে পেতো, তাহলে সকল দুনিয়াবাসী আল-াহর উপর ঈমান আনয়ন করতো। জান্নাতী মহিলার মাথার একটি ওড়নার মূল্য দুনিয়া ও তার মধ্যবর্তী সকল বস্তু হতেও বেশী হবে।

হুরদের কাছে তাদের স্বামীদের সাথে মিলিত হওয়া জান্নাতের অন্যান্য সকল বস্তু হতে অধিক আনন্দময় হবে। তাদের স্বামীদের সাথে দীর্ঘকাল অতিবাহিত হওয়ার পরও তাদের সৌন্দর্য্য ও ভালবাসার বিন্দুমাত্র কমতি হবেনা; বরং কাল যতই অতিবাহিত হবে ততই তাদের সৌন্দর্য্য ও ভালবাসা আরো বৃদ্ধি পেতে থাকবে।

বেহেশতের হুরগণ সকল দোষ-ত্রম্ঁটি ও নাপাকী থেকে পূত-পবিত্র হবেন। তারা গর্ভধারণ, সন্ড়ান প্রসব, মাসিক রক্তস্রাব, প্রস্রাব-পায়খানা সহ সকল প্রকার অপবিত্রতা থেকে সম্পূর্ণ পরিস্কার-পরিচ্ছন্ন থাকবেন। তাদের যৌবন শেষ হবেনা, পোষাক পুরাতন হবেনা। তাদের সাথে সহবাসে কোন ক্লান্ড়ি বোধ হবেনা। তারা কেবল তাদের স্বামীদের

উপরই দৃষ্টি অবনত রাখবেন। স্বামী ছাড়া অন্য কারো কথা মনে কল্পনাও করবেন না। স্বামীর চোখের দৃষ্টিও কেবল তাঁর দিকেই থাকবে। কারণ সেই তো তার একমাত্র চাওয়া-পাওয়ার বস্তু। তার দিকে তাকালে সে তাঁকে আনন্দিত করে তুলবেন। আদেশ দিলে তা পালন করবেন। তাকে রেখে কোথায়ও গেলে আমানতদারীর হেফাযত করবেন। মোটকথা জান্নাতী ব্যক্তি তার স্ত্রীকে নিয়ে চরম আনন্দে ও স্বাচ্ছন্দে বসবাস করবেন।

জান্নাতের স্ত্রীদেরকে তাদের স্বামীগণের পূর্বে কোন মানুষ বা জিন স্পর্শও করতে পারেনি। যখনই তাঁর দিকে তাকাবেন আনন্দে মন ভরে যাবে। যখন কথা বলবেন ছন্দময় মিষ্টি কথা দ্বারা হৃদয় ভরে দিবে। জান্নাতের রুমসমূহে যখন তারা ঘুরাফেরা করবে তখন তাদের আলোতে রুমগুলো আলোকময় হয়ে যাবে। বেহেশতের অধিবাসী নারী-পুরুষগণ হবেন একই বয়সের পরিপূর্ণ যুবক-যুবতী।

আপনি যদি বেহেশতের হুরদের সৌন্দর্য্যের ব্যাপারে জিজ্ঞেস করেন তাহলে আপনি কি চন্দ্র ও সূর্যের সৌন্দর্য্য ও উজ্জ্বলতা প্রত্যক্ষ করেছেন? তাদের চোখের রং সম্পর্কে জানতে চাইলে জেনে নিন যে, তাদের চোখের রং হবে পরিস্কার সাদার মাঝে কাকের কালো চোখের মত কালো বর্ণের। তাদের শরীরের কোমলতা হবে বৃক্ষের কচি পাতার ন্যায় নরম ও কোমল।

আপনি যদি তাদের শরীরের রং সম্পর্কে জিজ্ঞেস করেন তবে জেনে নিন যে তাদের শরীরের রং হবে প্রবাল ও পদ্মরাগের মত উজ্জ্বল। জান্নাতে মুমিনদের জন্য রয়েছে সচ্চরিত্রা সুন্দরী রমণীগণ। তাদের

বাহিরের সৌন্দর্যের সাথে সাথে আভ্যন্ড়রীণ চরিত্রও হবে অত্যন্ড় সুন্দর ও পূত-পবিত্র। তারা হবে অন্ড়রের প্রশান্ড়ি ও চক্ষু শীতলকারিনী। তারা হবে স্বামীদের কাছে অতি প্রিয় কোমল দেহ বিশিষ্ট আরব্য রমণীতুল্য। সেই রমণী সম্পর্কে আপনাদের কিরূপ ধারণা? তিনি যখন তার স্বামীর চেহারার দিকে তাকাবেন তখন তার হাসিতে জান্নাত আলোকিত হয়ে উঠবে। যখন তিনি এক প্রাসাদ থেকে অন্য প্রাসাদে গমণ করবেন তখন আপনি দেখে বলবেন এই তো সূর্য তার কক্ষপথ ছেড়ে এখানে চলে এসেছে। যখন তিনি তার স্বামীর সাথে কথা বলবেন তখন কতইনা সুন্দর হবে সেই কথোপকথন!! যখন তাঁর স্বামীর সাথে আলিঙ্গন করবেন তখন কতইনা সুন্দর হবে সেই আলিঙ্গন। হুরেরা যখন গান গাইবে তখন কতইনা সুন্দর হবে সে গানের কণ্ঠ!! যখন তাদের সাথে মেলামেশা করবেন কতইনা আনন্দময় হবে সেই মেলামেশা!! যখন তাকে চুম্বন করবেন তখন সেই চুম্বন হবে তার কাছে সবচেয়ে আকর্ষণীয় বস্তু।

জান্নাতে মুমিনদের আল-াহর দিদার লাভঃ

যদি আপনি মহা পরাক্রমশালী প্রশংসিত প্রভুর সাক্ষাৎ এবং কোন প্রকার উপমা ও সাদৃশ্য হতে পবিত্র তাঁর চেহারা দর্শন সম্পর্কে জিজ্ঞেস করেন তবে জেনে নিন যে আপনি কিয়ামতের দিন আল-াহকে সেরকমই দেখতে পাবেন, যেমন পরিস্কার আকাশে দিনের বেলায় সূর্য এবং রাতের বেলায় পূর্ণিমার চন্দ্রকে দেখতে পান। এ সম্পর্কে রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম হতে মুতাওয়াতির (ধারাবাহিক) সূত্রে হাদীছ বর্ণিত হয়েছে। যারীর, সুহাইব, আনাস, আবু হুরায়রা, আবু মুসা, আবু

সাঈদ ও অন্যান্য সাহাবী (রাঃ) হতে সহীহ এবং সুনানের কিতাবগুলোতে এসমস্ড় হাদীছ বর্ণিত হয়েছে। অতএব আপনি শ্রবণ কর"ন, যে দিন ঘোষণাকারী এই বলে ঘোষণা করবে যে, হে জান্নাতবাসীগণ! আপনাদের প্রভু আপনাদের সাথে সাক্ষাৎ করবেন। আপনারা তাড়াতাড়ি বের হয়ে আসুন! জান্নাতবাসীগণ দ্র"ত বের হয়ে এসে দ্র"তগামী বাহনগুলো প্রস্তুত অবস্থায় দেখতে পাবেন। বাহনের উপর তারা উঠে বসবেন। যখন তারা প্রশস্ড় উপত্যকায় সমবেত হবেন তখন আল-াহ তাআলা সেখানে কুরসী স্থাপন করতে বলবেন। তারপর জান্নাতবাসীদের জন্য মণি-মুক্তা, নূর, যাবারযাদ এবং স্বর্ণ-রৌপ্যের মেম্বার স্থাপন করা হবে। তারা যখন স্থির হয়ে বসবেন তখন ঘোষণা দেয়া হবেঃ **হে জান্নাতীগণ!** সালামুন আলাইকুম, আপনাদের উপর শান্ড়ি বর্ষিত হোক। অতি সুন্দর ভাষায় তারা সালামের উত্তর দিবেনঃ

﴿اللَّهُمَّ أَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ تَبَارَكْتَ ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ وَفِي رِوَايَةِ ابْنِ نُمَيْرٍ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ﴾

"হে আল-াহ! তুমি শান্ড়িময়। তোমরা পক্ষ হতেই শান্ড়ির ধারা বর্ষিত হয়ে থাকে। হে মহা সম্মানের অধিকারী! তুমি অতি বরকত সম্পন্ন। তাদের উত্তর শুনে আল-াহ তাআলা সর্বপ্রথম বলবেনঃ আমার সেই বান্দাগণ কোথায়? যারা আমাকে না দেখেই আমার আনুগত্য করেছিল। আজ তাদের অতিরিক্ত পুরস্কারের দিন। তখন সকল জান্নাতবাসী এক বাক্যে বলবেনঃ হে আল-াহ আমরা তোমার উপর সন্তুষ্ট। সুতরাং তুমিও আমাদের উপর সন্তুষ্ট হয়ে যাও। তখন আল-াহ বলবেনঃ **হে জান্নাতীগণ!** আমি যদি তোমাদের উপর সন্তুষ্ট না থাকতাম তাহলে

তোমাদেরকে আমার এই জান্নাতে প্রবেশ করাতামনা। আজ তোমাদের জন্য অতিরিক্ত পুরস্কারের দিন। তোমাদের মন যা চায়, তাই চাইতে পারো। তখন সকলেই এক বাক্যে বলবেনঃ আমাদের জন্য তোমার চেহারা মুবারাক উম্মুক্ত করো। আমরা তোমার দিকে তাকিয়ে তোমার দিদার লাভের নেয়ামত ভোগ করবো। তারপর আল-াহ তাআলা চেহারার পর্দা উন্মুক্ত করে তাদের সামনে বের হবেন। আল-াহর নূর তাদেরকে আচ্ছাদিত করে ফেলবে। আল-াহ যদি এ ফয়সালা না করতেন যে তারা আল-াহর নূরে প্রজ্বলিত হবেনা তাহলে তারা অবশ্যই জ্বলে যেতো। ঐ মজলিসে যারা উপস্থিত হবে তাদের সবার সাথেই আল-াহ রাব্বুল আলামীন কথা বলবেন। এমনকি আল-াহ বলবেনঃ হে আমার বান্দা! তোমার কি মনে আছে? তুমি অমুক দিন এই কাজ করেছিলে। সে বলবে, হে দয়াময় আল-াহ! তুমি কি আমাকে ক্ষমা করে দাওনি? আল-াহ তাআলা বলবেনঃ আমার ক্ষমার বিনিময়েই তুমি এই মর্যাদায় পৌঁছতে সক্ষম হয়েছো। কতইনা সুন্দর হবে আল-াহর এ সমস্ড় কথা শ্রবণ!!

সম্মানিত প্রভুর চেহারার দিকে তাকিয়ে চক্ষু শীতলকারী সৎকর্মশীলদের কতইনা সৌভাগ্য!! ক্ষতিগ্রস্ড় ব্যবসা নিয়ে প্রত্যাবর্তনকারীদের কতইনা দুর্ভাগ্য!! আল-াহ বলেনঃ

﴿وُجُوهٌ يَوْمَئِذٍ نَاضِرَةٌ إِلَى رَبِّهَا نَاظِرَةٌ وَوُجُوهٌ يَوْمَئِذٍ بَاسِرَةٌ تَظُنُّ أَنْ يُفْعَلَ بِهَا فَاقِرَةٌ﴾

"সেদিন অনেক মুখমন্ডল উজ্জ্বল হবে। তারা তাদের প্রতিপালকের দিকে তাকিয়ে থাকবে। আর অনেক মুখমন্ডল সেদিন উদাস হয়ে পড়বে। তারা

ধারণা করবে যে, তাদের সাথে কোমর ভাঙ্গা আচরণ করা হবে"। (সূরা আল-কিয়ামাহঃ ২২-২৫)

মওতের শেষ পরিণতিঃ

ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেছেনঃ

إِذَا صَارَ أَهْلُ الْجَنَّةِ إِلَى الْجَنَّةِ وَأَهْلُ النَّارِ إِلَى النَّارِ جِيءَ بِالْمَوْتِ حَتَّى يُجْعَلَ بَيْنَ الْجَنَّةِ وَالنَّارِ ثُمَّ يُذْبَحُ ثُمَّ يُنَادِي مُنَادٍ يَا أَهْلَ الْجَنَّةِ لَا مَوْتَ وَيَا أَهْلَ النَّارِ لَا مَوْتَ فَيَزْدَادُ أَهْلُ الْجَنَّةِ فَرَحًا إِلَى فَرَحِهِمْ وَيَزْدَادُ أَهْلُ النَّارِ حُزْنًا إِلَى حُزْنِهِمْ

"যখন জান্নাতবাসীগণ জান্নাতে চলে যাবেন এবং জাহান্নামীরা জাহান্নামে প্রবেশ করবে তখন সাদা-কালো মিশ্রিত রঙ্গের ভেড়ার আকৃতিতে মৃত্যুকে নিয়ে আসা হবে এবং তাকে জান্নাত ও জাহান্নামের মধ্যবর্তী একটি স্থানে রেখে যবেহ করে ঘোষণা করা হবেঃ হে জান্নাতবাসীগণ! তোমাদের আর মৃত্যু হবেনা। এখানে তোমরা অনাদিকাল পর্যন্ড় অবস্থান করবে। ওহে জাহান্নামীরা! তোমরা চিরকাল এ কঠিন আযাব ভোগ করবে। তোমাদের আর মৃত্যু হবেনা। এ কথা শুনে বেহেশতবাসীদের আনন্দ ও খুশী আরো বেড়ে যাবে এবং জাহান্নামীদের দুঃখ ও পেরেশানী আরো বৃদ্ধি পাবে।[১]

অন্য বর্ণনায় এসেছে প্রথমে জান্নাতের অধিবাসীদেরকে ডাক দিয়ে জিজ্ঞেস করা হবেঃ হে জান্নাতবাসীগণ! তোমরা কি একে চেন? তাঁরা

[1] -বুখারী, অধ্যায়ঃ কিতাবুর রিকাক।

বলবেনঃ আমরা তাকে চিনি। সে হলো মওত। অতঃপর জাহান্নামীদেরকে জিজ্ঞেস করা হবেঃ তোমরা কি একে চেন? তারাও বলবেঃ আমরা তাকে চিনি। সে হলো মৃত্যু। অতঃপর তাকে যবেহ করে দেয়া হবে। তারপর বলা হবেঃ হে জান্নাতীগণ! তোমরা এখানে চিরকাল থাকবে। তোমাদের আর কোন দিন মৃত্যু হবেনা। জাহান্নামীদেরকে ডাক দিয়ে বলা হবেঃ তোমরা চিরকাল শাস্তি ভোগ করবে। তোমাদের আর মৃত্যু হবেনা।

হে আল-াহ! আমাদেরকে এবং আমাদের পিতা-মাতা ও তোমার প্রিয় বান্দাদেরকে জাহান্নামের আযাব থেকে রক্ষা করো এবং জান্নাতের নেয়ামত লাভে ধন্য করো! আমীন।

কতিপয় জান্নাতী আমল

উপরে জান্নাতের যে সুন্দর বিবরণ পেশ করা হয়েছে তা শুনে প্রতিটি মানুষই তা পাওয়ার জন্য আকাঙ্খা করবে- এটাই স্বাভাবিক। শুধু তাই নয় মুমিন ব্যক্তির একান্ত কামনাও তাই। এ জন্যই সে যাবতীয় সৎ আমল করে থাকে। এখানে এমন কতিপয় আমল সম্পর্কে আলোচনা করবো যা পালন করলে জান্নাতের নেয়ামত লাভ করা খুবই সহজ হবে।

এককভাবে আল-াহর এবাদত করাঃ

যে ব্যক্তি মৃত্যু বরণ করবে এঅবস্থায় যে সে আল-াহর সাথে কাউকে শরীক করেনি সে জান্নাতে প্রবেশ করবে।

জনৈক সাহাবী রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-ামকে বললেনঃ আমাকে সংবাদ দিন এমন আমল সম্পর্কে যা আমাকে জান্নাতের নিকটবর্তী করে দিবে এবং জাহান্নাম থেকে দূরে রাখবে? তিনি

বললেনঃ "নিশ্চয়ই তাকে একটি বিরাট বিষয়ে প্রশ্ন করার তাওফীক দেয়া হয়েছে। তুমি আল-াহর এবাদত করবে, তাঁর সাথে কাউকে শরীক করবেনা, সালাত প্রতিষ্ঠা করবে, যাকাত প্রদান করবে এবং নিকট আত্মীয়দের সাথে সুসম্পর্ক বজায় রাখবে"।[১]

পাঁচ ওয়াক্ত নামায আদায় করাঃ

আল-াহ তাআলা পাঁচ ওয়াক্ত নামায বান্দার উপর ফরয করেছেন। যে ব্যক্তি উহা আদায় করবে এবং এগুলোকে হালকা ও তুচ্ছ মনে করে তার কোন কিছু বিনষ্ট করবেনা তার জন্য আল-াহ্র কাছে অঙ্গীকার রয়েছে তিনি তাকে জান্নাতে প্রবেশ করাবেন। যে ব্যক্তি এগুলো আদায় করবেনা তার জন্য আল-াহ্র কাছে কোন অঙ্গিকার নেই। ইচ্ছা করলে তিনি তাকে শাস্ড়ি দিবেন। ইচ্ছা করলে জান্নাতে প্রবেশ করাবেন"।[২]

প্রকাশ্যে ও গোপনে আল-াহকে ভয় করাঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-ামকে জিজ্ঞেস করা হলো মানুষকে কোন আমলটি বেশী করে জান্নাতে প্রবেশ করাবে? উত্তরে তিনি বললেনঃ "আল-াহর ভয় এবং উত্তম চরিত্র"।[৩] আল-াহ বলেনঃ

﴿وَسِيقَ الَّذِينَ اتَّقَوْا رَبَّهُمْ إِلَى الْجَنَّةِ زُمَرًا حَتَّى إِذَا جَاءُوهَا وَفُتِحَتْ أَبْوَابُهَا وَقَالَ لَهُمْ خَزَنَتُهَا سَلَامٌ عَلَيْكُمْ طِبْتُمْ فَادْخُلُوهَا خَالِدِينَ﴾

"যারা তাদের পালনকর্তাকে ভয় করতো, তাদেরকে দলে দলে জান্নাতের

---

[1] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ঈমান।

[2] - আবু দাউদ, অধ্যায়ঃ কিতাবুস্ সালাত।

[3] - আহমাদ, ইবনে হিব্বান।

দিকে নিয়ে যাওয়া হবে। যখন তারা উম্মুক্ত দরজা দিয়ে জান্নাতে পৌঁছবে এবং জান্নাতের রক্ষীরা তাদেরকে বলবেঃ তোমাদের প্রতি সালাম, তোমরা সুখে থাক, অতঃপর সদাসর্বদা বসবাসের জন্য তোমরা জান্নাতে প্রবেশ কর"। (সূরা যুমারঃ ৭৩)

বুখারী শরীফে এই মর্মে একটি ঘটনা বর্ণিত হয়েছে যে, নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ তোমাদের পূর্ববর্তীদের ভিতরে একজন গুনাহগার লোক ছিল। সে বৃদ্ধ বয়সে উপনীত হয়ে পরিবারের লোকদেরকে ডেকে বললঃ আমি জীবনে অনেক পাপের কাজ করেছি। আল-াহ যদি আমাকে ধরতে পারেন তাহলে কঠিন শাস্ড়ি প্রদান করবেন। তাই আমি যখন মৃত্যু বরণ করবো তোমরা অনেক কাঠ সংগ্রহ করে বিরাট একটি অগ্নি প্রজ্বলিত করে আমাকে তাতে নিক্ষেপ করবে। আমার শরীর আগুনে জ্বলে যখন ছাই হয়ে যাবে তখন ছাইগুলোকে ভাল করে পিষবে। অতঃপর তোমরা অপেক্ষা করতে থাকবে। সাগরের ভিতরে যে দিন ঝড় সৃষ্টি হবে এবং প্রচন্ড ঢেউ উঠবে সেই দিন ছাইগুলোকে তাতে নিক্ষেপ করবে। তারা তাই করল। আল-াহ রাব্বুল আলামীন তাকে একত্রিত করে জিজ্ঞেস করলেনঃ তুমি কেন এরকম করেছো? সে বললঃ হে আল-াহ! আপনার শাস্ড়ির ভয়ে আমি এরকম করেছি। অতঃপর আল-াহ তাকে ক্ষমা করে দিয়ে জান্নাতে প্রবেশ করালেন"।[১]

প্রতিদিন ১২ রাকআত সুন্নাত নামায আদায় করাঃ

---

[1] - বুখারী, কিতাবু আহাদীছুল আম্বীয়া।

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ "যে ব্যক্তি দিনে ও রাতে বার রাকাআত নফল নামায আদায় করবে তার জন্য জান্নাতে একটি ঘর তৈরী করা হবে"।[১] এই ১২ রাকাআত নামায হলো যোহরের আগে চার এবং পরে দুই, মাগরিবের পরে দুই, এশার পরে দুই এবং ফজরের আগে দুই রাকাআত।

প্রত্যেক অযুর পর দু'রাকআত নফল নামায আদায় করাঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম এক দিন বেলাল (রাঃ)কে বললেনঃ হে বেলাল! আমাকে বল তো ইসলামের এমনকি আমল তুমি করে থাক যার মাধ্যমে আল-াহর কাছে সর্বাধিক প্রতিদানের আশা করে থাক? কেননা জান্নাতে আমার সামনে তোমার জুতার আওয়াজ শুনেছি। তিনি বললেনঃ আমার কাছে তেমন আশান্বিত কোন আমল নেই, তবে আমি রাতে বা দিনে যখনই পবিত্রতা অর্জন করি তখনই সে অযু দ্বারা সাধ্যানুযায়ী দু'রাকআত নামায আদায় করে থাকি।

কবূল হজ্জঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ "মাকবূল হজ্জের বিনিময় জান্নাত ছাড়া অন্য কিছু নয়"।[২]

মসজিদ নির্মাণ করাঃ

---

[1] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবু সালাতিল মুসাফিরীন।

[2] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল হাজ্জ।

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ যে ব্যক্তি আল-াহর সন্তুষ্টির উদ্দেশ্যে মসজিদ নির্মাণ করবেঃ আল-াহ তার জন্য জান্নাতে অনুরূপ একটি ঘর তৈরী করবেন।[১] কোন মসজিদের নির্মাণ কাজে সামান্য অর্থ দিয়ে বা অন্য কোনভাবে সহায়তা করলেও উক্ত ছাওয়াব অর্জিত হবে ইনশাআল-াহ।

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-ামকে ভালবাসা এবং তাঁর অনুসরণ করাঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-ামকে ভালাবাসা ঈমানের অন্যতম শাখা। তিনি বলেনঃ

وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّى أَكُونَ أَحَبَّ إِلَيْهِ مِنْ وَالِدِهِ وَوَلَدِهِ والناس أجْمَعَيْنَ

"ঐ সত্তার শপথ! যার হাতে আমার প্রাণ রয়েছে, তোমাদের কেউ ততক্ষণ পর্যন্ড় ঈমানদার হতে পারবেনা যতক্ষণ না আমি তার কাছে তার পিতা-মাতা, সন্ড়ান-সন্ড়তি এবং দুনিয়ার সকল মানুষ হতে অধিক প্রিয় হই"।[২] নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-ামআরো বলেনঃ আমার উম্মতের সবাই জান্নাতে প্রবেশ করবে তবে সে ব্যক্তি নয় যে জান্নাতে যেতে অস্বীকার করে। সাহাবাগণ জিজ্ঞেস করলেনঃ কে জান্নাতে যেতে অস্বীকার করে? উত্তরে নবী তিনি বললেনঃ যে ব্যক্তি

---

[1] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল মাসাজিদ।

[2] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ঈমান।

আমার অনুসরণ করবে সে জান্নাতে প্রবেশ করবে আর যে আমার নাফরমানী করবে সে জান্নাতে প্রবেশ করতে অস্বীকার করল।[১]

আল-াহর সন্তুষ্টির জন্যে একে অপরকে ভালবাসাঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

إِنَّ اللَّهَ يَقُولُ يَوْمَ الْقِيَامَةِ أَيْنَ الْمُتَحَابُّونَ بِجَلَالِي الْيَوْمَ أُظِلُّهُمْ فِي ظِلِّي يَوْمَ لَا ظِلَّ إِلَّا ظِلِّي

"আল-াহ তাআলা কিয়ামতের দিন বলবেনঃ আমার সন্তুষ্টির জন্য যারা একে অপরকে ভালবাসতো তারা আজ কোথায়? আমি তাদেরকে আমার আরশের ছায়া প্রদান করবো। আজ আমার আরশের ছায়া ব্যতীত আর কোন ছায়া নেই"।[২]

কোন মুসলিমের সাথে হিংসা না রাখাঃ

আনাস বিন মালিক (রাঃ) বলেনঃ একদা আমরা নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-ামএর কাছে বসা ছিলাম। তখন তিনি বললেনঃ তোমাদের কাছে এখনই একজন জান্নাতী লোক আগমণ করবে। অতঃপর একজন আনসারী লোক আগমণ করলেন। তার দাড়ি বেয়ে অযুর পানি ঝড়ে পড়ছিল। তার পায়ের জুতা দু'টি বাম হাতে ছিল। পরের দিন নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম একই কথা বললেন। কিছুক্ষণ পর সেই আনসারী সাহাবী একই অবস্থায় আগমণ করলেন। তৃতীয় দিনেও তিনি একই কথা বললেন এবং উক্ত আনসারী

---

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ই'তিসাম।

[2] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল বির ওয়াস্ সিলাত।

সাহাবী আগমণ করলেন। নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম যখন চলে গেলেন, তখন আবদুল-াহ বিন আমর বিন আস (রাঃ) আনসারী সাহাবীর পিছনে ছুটলেন এবং বললেন আমি আমার পিতার নিকট থেকে তিন দিনের জন্য অনুমতি নিয়ে এসেছি। আপনি যদি অনুমতি দেন তা হলে এই তিন দিন আপনার কাছে থাকবো। আনসারী সাহাবী বললেনঃ কোন অসুবিধা নেই। আনাস (রাঃ) বলেনঃ আবদুল-াহ বিন আমর (রাঃ) পরবর্তী সময়ে বলেছেন, তিনি তাঁর সাথে পরপর তিনটি রাত্রি যাপন করেছেন। রাত্রিতে তাকে কোন তাহাজ্জুদের নামায বা অতিরিক্ত কোন নামায আদায় করতে দেখেন নি। তবে রাত্রিতে তিনি যখন বিনিদ্রা অনুভব করতেন এবং বিছানায় পার্শ্ব পরিবর্তন করতেন তখন আল-াহর যিক্‌র করতেন এবং তাঁর বড়ত্ব বর্ণনা করতেন। অতঃপর যখন ফজরের নামাযের সময় হতো, তখন তিনি নামাযের জন্য উঠতেন। আবদুল-াহ বিন আমর বলেনঃ তবে আমি তাকে কখনো খারাপ কথা বলতে শুনি নাই। তিন দিন অতিবাহিত হওয়ার পর আমি তাঁর আমলকে খুবই সামান্য মনে করলাম এবং বললামঃ হে আল-াহর বান্দা! আপনার কাছে তিন দিন যাবৎ অবস্থানের কারণ হল, আমি তিনবার নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-ামকে বলতে শুনেছি, এখন তোমাদের নিকট একজন জান্নাতী লোক উপস্থিত হবে। প্রত্যেকবারই আপনি এসে উপস্থিত হয়েছন। তাই আমি আপনার আমল দেখে আপনার মত আমল করার জন্য তিন দিন ধরে আপনার সাথে আছি। কিন্তু আমি আপনাকে বেশী আমল করতে দেখিনি। তা হলে বলুন তো কি আমল করার কারণে নবী (সাল-াল-াহু আলাইহি ওয়া

সাল-াম) আপনার ব্যাপারে এরকম মন্ড়ব্য করেছেন? অর্থাৎ আপনাকে জান্নাতের সুসংবাদ দিলেন। তিনি বললেনঃ তুমি যা দেখলে তার বেশী অতিরিক্ত কোন আমল করার অভ্যাস আমার নেই। আমি যখন চলে আসার জন্য বের হলাম তখন আমাকে ডেকে বললেনঃ তবে আমার অতিরিক্ত একটি আমল আছে। তা হলো আল-াহ তাঁর মু'মিন বান্দাকে যে কল্যাণ দান করেছেন তার প্রতি আমার অন্ড়রে কোন হিংসা নেই। আব্দুল-াহ বিন আমর (রাঃ) বললেনঃ ইহাই আপনাকে এতো মর্যাদাবান করেছে।[১]

সূরা ইখলাসের সাথে ভালবাসা রাখাঃ

জনৈক আনসারী সাহাবী মসজিদে কুবায় ইমামতি করতেন। যখনই তিনি সূরা ফাতিহার পর কোন সূরা দিয়ে কিরাত আরম্ভ করতেন তখন প্রথমে সূরা ইখলাস পড়ে নিতেন। তারপর অন্য কোন সূরা পড়তেন। আর এরূপ তিনি প্রতি রাকাআতেই করতেন। মুসল-ীগণ তাকে বললেনঃ আপনি প্রথমে এই সূরা দিয়ে কিরাত শুর“ করছেন তারপর তা যথেষ্ট নয় ভেবে অন্য সূরা পাঠ করছেন। আপনি হয় শুধু এই সূরাটি পাঠ কর“ন অথবা এটা ছেড়ে অন্য কোন সূরা পাঠ কর“ন। তিনি বললেনঃ আমি উহা পরিত্যাগ করতে রাজি নই। তোমরা যদি চাও তাহলে এভাবেই তোমাদের ইমামতি করবো। আর যদি অপছন্দ কর তবে তোমাদের ইমামতি ছেড়ে দিবো। তারা মনে করতেন, তিনি তাদের মাঝে সর্বাধিক যোগ্য ব্যক্তি, অন্য কেউ তাদের ইমামতি কর“ক এটাও

[1] - মুসনাদে আহমাদ।

অপছন্দ করতেন। নবী সাল-াল-াহু আলাইহে ওয়া সাল-াম একদা তাদের নিকট আগমণ করলেন। তারা ব্যাপারটি তাঁর কাছে পেশ করলেন। তিনি সেই ব্যক্তিকে জিজ্ঞেস করলেনঃ "হে অমুক! তোমার সাথীরা তোমাকে যে পরামর্শ দিচ্ছে, তা গ্রহণ করতে কিসে তোমাকে বাঁধা দিচ্ছে? আর কেনইবা তুমি উক্ত সূরা প্রতি রাকা'আতে পাঠ করছ? জবাবে তিনি বললেনঃ আমি উহাকে খুব ভালবাসি। তিনি বললেনঃ "এই ভালবাসা তোমাকে জান্নাতে প্রবেশ করাবে।"[১]

মুসলমানের দুঃখ-কষ্ট মোচনকারীর প্রতিদানঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

الْمُسْلِمُ أَخُو الْمُسْلِمِ لَا يَظْلِمُهُ وَلَا يُسْلِمُهُ وَمَنْ كَانَ فِي حَاجَةِ أَخِيهِ كَانَ اللَّهُ فِي حَاجَتِهِ وَمَنْ فَرَّجَ عَنْ مُسْلِمٍ كُرْبَةً فَرَّجَ اللَّهُ عَنْهُ كُرْبَةً مِنْ كُرُبَاتِ يَوْمِ الْقِيَامَةِ وَمَنْ سَتَرَ مُسْلِمًا سَتَرَهُ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ

"এক মুসলমান অপর মুসলমানের ভাই। সে তার ভাইয়ের প্রতি যুলুম করবেনা। তাকে বিপদাপদে অসহায় অবস্থায় ছেড়ে দিবেনা। যে ব্যক্তি তার মুসলিম ভাইয়ের প্রয়োজনে সহায়তা করবে আল-াহ তার প্রয়োজন পূরণে সহায়তা করবেন। আর যে ব্যক্তি কোন মুসলমানের উপর হতে দুনিয়ার কোন মুসিবত দূর করবে আল-াহ কিয়ামতের দিন তার বিপদাপদ দূর করবেন। যে ব্যক্তি মুসলমানের দোষ-ত্রুটি গোপন

[1]- বুখারী, অধ্যায়ঃ কিতাবুল মাযালিম।

করবে আল-াহ তাআলা কিয়ামতের দিন তার দোষ-ত্রুটি গোপন রাখবেন।[১]

ন্যায়ভাবে বিচার-ফয়সালাকারী জান্নাতে যাবেঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেছেনঃ

الْقُضَاةُ ثَلَاثَةٌ قَاضِيَانِ فِي النَّارِ وَقَاضٍ فِي الْجَنَّةِ رَجُلٌ قَضَى بِغَيْرِ الْحَقِّ فَعَلِمَ ذَاكَ فَذَاكَ فِي النَّارِ وَقَاضٍ لَا يَعْلَمُ فَأَهْلَكَ حُقُوقَ النَّاسِ فَهُوَ فِي النَّارِ وَقَاضٍ قَضَى بِالْحَقِّ فَذَلِكَ فِي الْجَنَّةِ

"বিচারক তিন প্রকার। দুই প্রকার বিচারক জাহান্নামে যাবে এবং এক প্রকার বিচারক জান্নাতে প্রবেশ করবে। যে বিচারক সত্যকে জেনে শুনে অন্যায়ভাবে বিচার করবে সে জাহান্নামে যাবে। আর যে বিচারক অজ্ঞতা বশতঃ বিচার-ফয়সালা করতে গিয়ে মানুষের হক নষ্ট করবে সেও জাহান্নামে যাবে। আর যে বিচারক সত্যকে ভালভাবে বুঝবে এবং সে অনুযায়ী মানুষের মাঝে বিচার ফয়সালা করবে সে জান্নাতে প্রবেশ করবে"।[২]

রোগীর সেবা ও জানাযায় শরীক হওয়ার বিনিময় জান্নাতঃ

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ مَنْ أَصْبَحَ مِنْكُمُ الْيَوْمَ صَائِمًا قَالَ أَبُو بَكْرٍ أَنَا قَالَ فَمَنْ تَبِعَ مِنْكُمُ الْيَوْمَ جَنَازَةً قَالَ أَبُو بَكْرٍ أَنَا قَالَ فَمَنْ أَطْعَمَ مِنْكُمُ الْيَوْمَ مِسْكِينًا قَالَ أَبُو بَكْرٍ أَنَا قَالَ فَمَنْ عَادَ مِنْكُمُ الْيَوْمَ مَرِيضًا قَالَ

---

[1] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল মাযালেম ওয়াল গাযাব।

[2] - তিরমিজী, অধ্যায়ঃ কিতাবুল আহকাম।

أَبُو بَكْرٍ أَنَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ مَا اجْتَمَعْنَ فِي امْرِئٍ إِلَّا دَخَلَ الْجَنَّةَ

"আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম জিজ্ঞেস করলেনঃ তোমাদের মধ্যে কে আজ রোযাদার অবস্থায় ঘুম থেকে উঠেছে? আবু বকর (রাঃ) বললেনঃ আমি। আবার জিজ্ঞেস করলেনঃ তোমাদের মধ্যে কে আজ একটি জানাযায় অংশ গ্রহণ করেছে? আবু বকর (রাঃ) বললেনঃ আমি। তিনি আবার প্রশ্ন করলেনঃ কে আজ একজন মিসকীনকে খাদ্য দান করেছে? আবু বকর (রাঃ) বললেনঃ আমি। পুনরায় জিজ্ঞেস করলেনঃ এমন কে আছে যে আজ একজন রোগী দেখতে গিয়েছিল? আবু বকর (রাঃ) বললেনঃ আমি। নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বললেনঃ যার ভিতরে এ সমস্ড় গুণের সমাহার ঘটবে সে জান্নাতে প্রবেশ করবে"।[১]

মুআজ্জিনের পুরস্কারঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

الْمُؤَذِّنُونَ أَطْوَلُ النَّاسِ أَعْنَاقًا يَوْمَ الْقِيَامَةِ

"কিয়ামতের দিন মুআজ্জিনের ঘাড় সবচেয়ে লম্বা হবে।[২] এই নিদর্শন মর্যাদা স্বরূপ মুআজ্জিনকে প্রদান করা হবে। যা দেখে মানুষেরা তাঁকে চিনতে পারবে। কোন কোন বিদ্বান বলেনঃ এখানে ঘাড় লম্বা হওয়ার অর্থ

[1] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুয্ যাকাত।

[2] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুস্ সালাত।

তার সম্মান সবচেয়ে বেশী হবে। নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ মুআজ্জিনের আওয়াজ যতদূর পৌঁছবে ততদূর পর্যন্ড় জিন-ইনসানসহ সমস্ড় মাখলুক তার ঈমানের পক্ষে কিয়ামতের দিন সাক্ষ্য দিবে"।[১]

ক্রোধ নিবারণকারীর সুসংবাদঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

مَنْ كَظَمَ غَيْظًا وَهُوَ قَادِرٌ عَلَى أَنْ يُنْفِذَهُ دَعَاهُ اللَّهُ عَزَّ وَجَلَّ عَلَى رُءُوسِ الْخَلَائِقِ يَوْمَ الْقِيَامَةِ حَتَّى يُخَيِّرَهُ اللَّهُ مِنَ الْحُورِ الْعِينِ مَا شَاءَ

"ক্রোধ বাস্ড়বায়নের ক্ষমতা থাকা সত্ত্বেও যে ব্যক্তি তা সংবরণ করতে সক্ষম হবে, কিয়ামতের দিন আল-াহ তাআলা তাঁকে সমস্ড় মাখলুকের সামনে ডেকে এনে হুরদের মধ্যে থেকে যাকে ইচ্ছা নিজের জন্য নির্বাচন করার অধিকার দিবেন"।[২]

আয়াতুল কুরসী পাঠ করাঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ যে ব্যক্তি প্রত্যেক ফরজ সালাতের পর আয়াতুল কুরসী পাঠ করবে মৃত্যু ছাড়া কোন কিছু তাকে জান্নাতে যেতে বারণ করতে পারবেনা।[৩]

রোযাদারদের রাইয়্যান নামক দরজা দিয়ে জান্নাতে প্রবেশঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

---

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল আযান।

[2] - আবু দাউদ, অধ্যায়ঃ কিতাবুল আদাব।

[3] - নাসাঈ, সহীহ্ ইবনে হিব্বান।

إِنَّ فِي الْجَنَّةِ بَابًا يُقَالُ لَهُ الرَّيَّانُ يَدْخُلُ مِنْهُ الصَّائِمُونَ يَوْمَ الْقِيَامَةِ لَا يَدْخُلُ مَعَهُمْ أَحَدٌ غَيْرُهُمْ يُقَالُ أَيْنَ الصَّائِمُونَ فَيَدْخُلُونَ مِنْهُ فَإِذَا دَخَلَ آخِرُهُمْ أُغْلِقَ فَلَمْ يَدْخُلْ مِنْهُ أَحَدٌ

"জান্নাতের একটি দরজা রয়েছে, যার নাম রাইয়্যান। কেবল রোযাদারগণই এই দরজা দিয়ে জান্নাতে প্রবেশ করবে। তারা ব্যতীত অন্য কেউ এই দরজা দিয়ে জান্নাতে প্রবেশ করতে পারবেনা। কিয়ামতের দিন বলা হবেঃ রোযাদারগণ কোথায়? তখন তারা দাঁড়াবে। তারা ব্যতীত অন্য কেউ সেই দরজা দিয়ে জান্নাতে প্রবেশ করবেনা। রোযাদারগণ যখন প্রবেশ করবে, তখন সেই দরজাটি বন্ধ করে দেয়া হবে। রোযাদার ব্যতীত অন্য কেউ সেই দরজা দিয়ে প্রবেশ করবেনা।[১]

ক্ষুধার্তকে খাদ্যদানকারীর প্রতিদানঃ

রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

أَيُّمَا مُؤْمِنٍ أَطْعَمَ مُؤْمِنًا عَلَى جُوعٍ أَطْعَمَهُ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ مِنْ ثِمَارِ الْجَنَّةِ وَأَيُّمَا مُؤْمِنٍ سَقَى مُؤْمِنًا عَلَى ظَمَإٍ سَقَاهُ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ مِنَ الرَّحِيقِ الْمَخْتُومِ

"যেই মুমিন বান্দা অপর কোন ক্ষুধার্ত মুমিনকে খাওয়াবে, আল-াহ তাআলা কিয়ামতের দিন তাকে জান্নাতের ফল খাওয়াবেন। আর যেই মুমিন বান্দা অপর কোন পিপাসিত মুমিনকে (পানি) পান করাবে, কিয়ামতের দিন আল-াহ তাআলা তাকে মোহরাঙ্কিত স্বর্গীয় সুধা পান করাবেন"।[২]

---

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুয্ যাকাত।

[2] - তিরমিযী, কিতাবু সিফাতিল কিয়ামাহ।

পিপাসিত পশু-পাখিকে পানি পান করানোর প্রতিদানঃ

بَيْنَا رَجُلٌ بِطَرِيقٍ اشْتَدَّ عَلَيْهِ الْعَطَشُ فَوَجَدَ بِئْرًا فَنَزَلَ فِيهَا فَشَرِبَ ثُمَّ خَرَجَ فَإِذَا كَلْبٌ يَلْهَثُ يَأْكُلُ الثَّرَى مِنَ الْعَطَشِ فَقَالَ الرَّجُلُ لَقَدْ بَلَغَ هَذَا الْكَلْبَ مِنَ الْعَطَشِ مِثْلُ الَّذِي كَانَ بَلَغَ مِنِّي فَنَزَلَ الْبِئْرَ فَمَلَا خُفَّهُ مَاءً فَسَقَى الْكَلْبَ فَشَكَرَ اللَّهُ لَهُ فَغَفَرَ لَهُ

"পূর্বযুগের একজন লোক পথ চলছিল। পথিমধ্যে তার প্রচন্ড পানির পিপাসা হলো। রাস্ড়ার পাশেই একটি কূপের সন্ধান পেয়ে তাতে নেমে পানি পান করে পিপাসা নিবারণ করল। কূপ থেকে উঠে দেখল একটি কুকুর পানির পিপাসায় কাতর হয়ে জিহ্বা দিয়ে ভিজা মাটি চাটছে। লোকটি কুকুরটিকে পিপাসিত ভেবে কূপে নেমে পায়ের মোজা ভর্তি করে পানি এনে কুকুরকে পান করালো। আল-াহ তাআলা তার এ কাজে সন্তুষ্ট হয়ে তাকে ক্ষমা করে দিলেন"।[১]

ইয়াতীমের পরিচর্যাকারী জান্নাতে নবী (সাঃ)এর সাথে থাকবেঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

أَنَا وَكَافِلُ الْيَتِيمِ فِي الْجَنَّةِ هَكَذَا وَقَالَ بِإِصْبَعَيْهِ السَّبَّابَةِ وَالْوُسْطَى

"আমি এবং ইয়াতীমের তত্বাবধানকারী এভাবে জান্নাতে থাকবো। এই কথা বলে নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম শাহাদাত এবং মধ্যমা আঙ্গুলকে এক সাথে মিলালেন"।[২]

পিতা-মাতার সাথে সদ্ব্যবহার করাঃ

---

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল মুসাকাত।

[2] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল আদাব।

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ ঐ ব্যক্তির নাক ধুলোমলিন হোক যে তার পিতা-মাতাকে বা তাদের একজনকে বৃদ্ধাবস্থায় পেল অথচ তাদের খেদমত করে জান্নাতে প্রবেশ করতে পারলনা।[১]

কন্যা সন্ড়ান প্রতিপালনে কষ্ট স্বীকার করাঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ "যে ব্যক্তিকে কন্যা সন্ড়ান দ্বারা পরীক্ষায় ফেলা হয় সে যদি তাদের প্রতি কর"ণাশীল হয় তবে তারা তার জন্য জাহান্নামের পর্দা স্বরূপ হয়ে যাবে"।[২]

---

[১] – মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল বির ওয়াস্ সিলাত।

[2] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল বির ওয়াস্ সিলাত।

যে মহিলার উপর তার স্বামী সন্তুষ্ট থাকবে সে জান্নাতে যাবেঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

أَيُّمَا امْرَأَةٍ مَاتَتْ وَزَوْجُهَا عَنْهَا رَاضٍ دَخَلَتِ الْجَنَّةَ

"স্বামী সন্তুষ্ট থাকাবস্থায় যদি কোন মহিলা মৃত্যু বরণ করে তাহলে সে জান্নাতে প্রবেশ করবে"।[১]

অন্ধ হয়ে গেলে ধৈর্য ধারণ করাঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ আল-াহ বলেছেনঃ আমি যার দু'টি প্রিয় বস্তু তথা চোখ নষ্ট করে দেয়ার মাধ্যমে পরীক্ষা করি আর সে ধৈর্য ধারণ করে, তার বিনিময়ে আমি তাকে জান্নাত প্রদান করবো।[২] হাদীছ থেকে জানতে পারা যায় যে, জন্মান্ধরাও যদি সবূর করে এবং আল-াহর অনুগত থাকে তাদেরকেও আল-াহ তাআলা জান্নাত প্রদান করবেন।

যারা আল-াহর নিরানব্বইটি নাম মুখস্থ করবেঃ

আল-াহ তাআলার নিরানব্বইটি নাম রয়েছে। যে ব্যক্তি উহা মুখস্থ করবে সে জান্নাতে প্রবেশ করবে।[৩] এখানে মুখস্থ করার অর্থ হলো সেগুলো মুখস্থ করা, অর্থ বুঝা, তার দাবী অনুযায়ী আমল করা এবং সেগুলোর উসীলা দিয়ে আল-াহর কাছে দু'আ করা।

---

[1] - তিরমিযী, অধ্যায়ঃ কিতাবুর রিযা (দুগ্ধ পান করানো)।

[2] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল মারযা।

[3] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুয্ যিকরি।

যে ব্যক্তি মুখ ও লজ্জাস্থানের হেফাযত করবেঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

قَالَ مَنْ يَضْمَنْ لِي مَا بَيْنَ لَحْيَيْهِ وَمَا بَيْنَ رِجْلَيْهِ أَضْمَنْ لَهُ الْجَنَّةَ

"যে ব্যক্তি তার মুখ ও লজ্জাস্থানের হেফাযত করবে আমি তার জন্য বেহেশতের জিম্মাদার হব"।[১]

যাদেরকে জান্নাতের সকল দরজা দিয়েই ডাকা হবেঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

مَنْ أَنْفَقَ زَوْجَيْنِ فِي سَبِيلِ اللَّهِ نُودِيَ مِنْ أَبْوَابِ الْجَنَّةِ يَا عَبْدَ اللَّهِ هَذَا خَيْرٌ فَمَنْ كَانَ مِنْ أَهْلِ الصَّلَاةِ دُعِيَ مِنْ بَابِ الصَّلَاةِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ الْجِهَادِ دُعِيَ مِنْ بَابِ الْجِهَادِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ الصِّيَامِ دُعِيَ مِنْ بَابِ الرَّيَّانِ وَمَنْ كَانَ مِنْ أَهْلِ الصَّدَقَةِ دُعِيَ مِنْ بَابِ الصَّدَقَةِ فَقَالَ أَبُو بَكْرٍ رَضِيَ اللَّه عَنْه بِأَبِي أَنْتَ وَأُمِّي يَا رَسُولَ اللَّهِ مَا عَلَى مَنْ دُعِيَ مِنْ تِلْكَ الْأَبْوَابِ مِنْ ضَرُورَةٍ فَهَلْ يُدْعَى أَحَدٌ مِنْ تِلْكَ الْأَبْوَابِ كُلِّهَا قَالَ نَعَمْ وَأَرْجُو أَنْ تَكُونَ مِنْهُمْ

"যে ব্যক্তি আল-াহর রাস্ড়ায় জোড়া জোড়া জিনিষ দান করবে তাকে জান্নাতের সকল দরজা দিয়েই প্রবেশের জন্য ডাকা হবে। তাকে বলা হবেঃ হে আল-াহর বান্দা এটি তোমার জন্য কতই না উত্তম! সুতরাং নামাযীকে নামাযের দরজা দিয়ে, মুজাহিদকে জিহাদের দরজা দিয়ে, রোযাদারকে 'রাইয়্যান' নামক দরজা দিয়ে এবং দাতাকে দানের দরজা

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুর রিকাক।

দিয়ে জান্নাতে প্রবেশ করার আহবান করা হবে। আবু বকর (রাঃ) বললেনঃ হে আল-াহর রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম! ঐ সকল দরজা থেকে যাদেরকে আহবান করা হবে তাদের জান্নাতে প্রবেশ করতে কোন অসুবিধা হবেনা। আর এমন কেউ আছে কি, যাকে উক্ত সকল দরজা দিয়ে জান্নাতে প্রবেশ করার জন্য আহবান জানানো হবে? উত্তরে রাসূল সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বললেন, হ্যাঁ। আমার বিশ্বাস তুমি তাদের অন্ড়র্ভূক্ত হবে"।[১]

কিয়ামতের দিন যারা আল-াহর ছায়া পাবেঃ

আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

سَبْعَةٌ يُظِلُّهُمُ اللَّهُ تَعَالَى فِي ظِلِّهِ يَوْمَ لَا ظِلَّ إِلَّا ظِلُّهُ إِمَامٌ عَ ادِلٌ وَشَابٌّ نَشَأَ فِي عِبَادَةِ اللَّهِ وَرَجُلٌ قَلْبُهُ مُعَلَّقٌ فِي الْمَسَاجِدِ وَرَجُلَانِ تَحَابَّا فِي اللَّهِ اجْتَمَعَا عَلَيْهِ وَتَفَرَّقَا عَلَيْهِ وَرَجُلٌ دَعَتْهُ امْرَأَةٌ ذَاتُ مَنْصِبٍ وَجَمَالٍ فَقَالَ إِنِّي أَخَافُ اللَّهَ وَرَجُلٌ تَصَدَّقَ بِصَدَقَةٍ فَأَخْفَاهَا حَتَّى لَا تَعْلَمَ شِمَالُهُ مَا تُنْفِقُ يَمِينُهُ وَرَجُلٌ ذَكَرَ اللَّهَ خَالِيًا فَفَاضَتْ عَيْنَاهُ

"যে দিন আল-াহর ছায়া ছাড়া অন্য কোন ছায়া থাকবেনা সে দিন সাত ব্যক্তিকে আল-াহ তাঁর ছায়া দান করবেন। তারা হলেনঃ (১) ন্যায় পরায়ণ শাসক (২) যে যুবক তাঁর প্রভুর এবাদতের মাঝে প্রতিপালিত

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুস্ সিয়াম।

হয়ে বড় হয়েছে। (৩) যে ব্যক্তির মন সর্বদা মসজিদের সাথে সম্পৃক্ত থাকে। (৪) এমন দুই ব্যক্তি, যারা আল-াহর সন্তুষ্টির জন্য একে অপরকে ভালবাসে। আল-াহর জন্য তারা পরস্পরে একত্রিত হয় এবং আল-াহর জন্যই পরস্পর বিচ্ছিন্ন হয়। (৫) এমন পুর"ষ যাকে একজন সুন্দরী ও সম্ভ্রান্ড় বংশের মহিলা নিজের দিকে আহবান করে, আর সে পুর"ষ বলেঃ আমি আল-াহকে ভয় করি। (তাই তোমার ডাকে সাড়া দেয়া আমার পক্ষে সম্ভব নয়)। (৬) যে দানশীল ব্যক্তি এমন গোপনে দান করে, ডান হাত দিয়ে যা দান করে, বাম হাত তা অবগত হতে পারেনা। অর্থাৎ তিনি কেবল আল-াহর সন্তুষ্টি অর্জনের জন্যই দান করেন। তাই মানুষকে শুনানো বা দেখানোর প্রয়োজনীয়তা অনুভব করেনা। (৭) যে ব্যক্তি নির্জনে বসে আল-াহকে স্মরণ করে চোখের পানি প্রবাহিত করে"।[১]

হাফেয ইবনে হাজার আসকালানী (রঃ) বলেনঃ যদিও উক্ত হাদীছে সাতজনের কথা বলা হয়েছে, কিন্তু আল-াহর ছায়া প্রাপ্তদের সংখ্যা সাতের মধ্যে সীমিত নয়। আল-াহ তাআলা আরো কয়েক প্রকার মানুষকে বিশেষ বিশেষ আমলের কারণে কিয়ামতের দিন তাঁর ছায়া দান করবেন। তাদের মধ্যে রয়েছেনঃ

(১) যে ব্যক্তি কোন অভাবী ঋণগ্রস্ড়কে অবকাশ দিবেঃ

مَنْ أَنْظَرَ مُعْسِرًا أَوْ وَضَعَ لَهُ أَظَلَّهُ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ تَحْتَ ظِلِّ عَرْشِهِ يَوْمَ لَا ظِلَّ إِلَّا ظِلُّهُ

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুর রিকাক।

"যে ব্যক্তি কোন অভাবী ঋণগ্রস্ড়কে অবকাশ দিবে অথবা ঋণের কিছু অংশ ছেড়ে দিবে, কিয়ামতের দিন আল-াহ তাকে স্বীয় আরশের ছায়ার নীচে স্থান দিবেন। সে দিন আল-াহর আরশের ছায়া ব্যতীত অন্য কোন ছায়া থাকবেনা"।[১]

(২) যে ব্যক্তি কোন মুজাহিদকে সহযোগিতা করবেঃ

مَنْ أَعَانَ مُجَاهِدًا فِي سَبِيلِ اللَّهِ أَوْ غَارِمًا فِي عُسْرَتِهِ أَوْ مُكَاتَبًا فِي رَقَبَتِهِ أَظَلَّهُ اللَّهُ فِي ظِلِّهِ يَوْمَ لَا ظِلَّ إِلَّا ظِلُّهُ

"যে ব্যক্তি আল-াহর রাস্ড়ায় কোন মুজাহিদকে সহযোগিতা করবে অথবা কোন অভাবীকে তার অভাব মোচনে সাহায্য করবে অথবা মনিবের সাথে চুক্তিতে আবদ্ধ কোন কৃতদাসকে তার দাসত্ব মুক্তিতে সহযোগিতা করবে, আল-াহ তাকে রোজ কিয়ামতে স্বীয় আরশের ছায়ার নীচে স্থান দিবেন। সে দিন আল-াহর আরশের ছায়া ব্যতীত কোন ছায়া থাকবেনা"।[২]

(৩) যে ব্যক্তি কোন অভাবীকে সাহায্য করবেঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ "যে ব্যক্তি তার মুসলিম ভাইয়ের প্রয়োজনে সহায়তা করবে আল-াহ তার প্রয়োজন পূরণে সহায়তা করবেন। আর যে ব্যক্তি কোন মুসলমানের উপর হতে দুনিয়ার কোন মুসিবত দূর করবে, আল-াহ কিয়ামতের দিন তার বিপদাপদ দূর করবেন"।[৩]

---

[1] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল বুয়ূ।

[2] - মুসনাদে ইমাম আহমাদ।

[3] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল বির ওয়াস্ সিলাত।

(৪) সত্যবাদী ব্যবসায়ীঃ

নবী সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম বলেনঃ

﴿التَّاجِرُ الصَّدُوقُ الْأَمِينُ مَعَ النَّبِيِّينَ وَالصِّدِّيقِينَ وَالشُّهَدَاءِ

"সত্যবাদী বিশ্বস্ড় ব্যবসায়ীগণ নবী, সিদ্দীক এবং শহীদদের সাথে থাকবেন"।[১]

উপরের আলোচনায় আল-াহর আরশের ছায়া পাওয়ার ক্ষেত্রে পুর"ষের কথা উলে-খ করা হয়েছে। এর অর্থ এই নয় যে, মহিলাগণ উক্ত আমলগুলোতে পুর"ষদের শরীক হলেও তারা আল-াহর আরশের ছায়ার নীচে স্থান পাবেন না এবং উক্ত ছাওয়াবের হকদার হবেন না। বরং মহিলাগণও যদি উক্ত আমলগুলো সম্পাদন করেন তাহলে তারাও পুর"ষের মত মর্যাদা লাভ করবেন। কিন্তু রাষ্ট্র পরিচালনা এবং সব সময় মসজিদের সাথে সম্পর্ক রাখার বিষয়টি পুর"ষের সাথে নির্দিষ্ট।

পরিশিষ্ট

হে আল-াহর বান্দা! আপনার গন্ড়ব্যস্থল সম্পর্কে চিন্ড়া কর"ন। আপনি কোন দলের অন্ড়র্ভূক্ত হবেন। সবচেয়ে ব্যর্থতা হলো তাদের ব্যর্থতা যাদের ব্যাপারে আল-াহ বলেছেনঃ

﴿قُلْ إِنَّ الْخَاسِرِينَ الَّذِينَ خَسِرُوا أَنْفُسَهُمْ وَأَهْلِيهِمْ يَوْمَ الْقِيَامَةِ أَلَا ذَلِكَ هُوَ الْخُسْرَانُ الْمُبِينُ﴾

"হে নবী! আপনি বলুনঃ কিয়ামতের দিন তারাই বেশী ক্ষতিগ্রস্ড় হবে

---

[1] - তিরমিযী, অধ্যায়ঃ কিতাবুল বুয়ূ।

যারা নিজেদের এবং পরিবারবর্গের তরফ থেকে ক্ষতিগ্রস্ড় হবে। (সূরা যুমারঃ ১৫) মহান সফলতা অর্জিত হবে তাদের জন্য যাদের সম্পর্কে আল-াহ তাআলা বলেনঃ

﴿فَمَنْ زُحْزِحَ عَنْ النَّارِ وَأُدْخِلَ الْجَنَّةَ فَقَدْ فَازَ﴾

"যাকে জাহান্নামের আগুন থেকে দূরে রাখা হবে এবং জান্নাতে প্রবেশ করানো হবে, প্রকৃতপক্ষে সেই সাফল্যমন্ডিত হবে। (সূরা আল-ইমরানঃ ১৮৫)

আফসোস সেই ব্যক্তির জন্য যে স্বপ্নের মত স্বল্পকালীন সামান্য পার্থিব জীবনের বিনিময়ে এমন জান্নাতী নেয়া'মত বিক্রি করল যা কোন চক্ষু দর্শন করে নাই, কোন কর্ণ শ্রবণ করে নাই এবং যা কোন মানুষ কল্পনাও করতে পারেনা। পার্থিব জীবনের সামগ্রী মানুষকে একদিন হাসায় আবার অনেক দিন কাঁদায়। একদিন আনন্দ দিলেও মাসের পর মাস ব্যথা দেয়। ব্যথাগুলো আনন্দের তুলনায় অনেকগুণ বেশী।

হতাশা সেই ব্যক্তির জন্য যে মূল্যবান চিরস্থায়ী সম্পদকে ক্ষণস্থায়ী নগণ্য জিনিষের উপর প্রাধান্য দিল।

দুর্ভোগ ঐ ব্যক্তির জন্য যে বিপদাপদে পরিপূর্ণ সংকীর্ণ জেলখানার বিনিময়ে আসমান-যমীন তুল্য জান্নাতকে বিক্রি করে দিল!! সংকীর্ণ ঘরের বিনিময়ে আদন নামক জান্নাতের এমন পবিত্র ঘরগুলো বিক্রি করে দিল যার তলদেশ দিয়ে নদীসমূহ প্রবাহিত হবে। আফসোস! আফসোস! ঐ ব্যক্তির জন্য যে দুশ্চরিত্রবান ব্যভিচারীনী অপবিত্রা কুৎসিৎ, দুষ্ট, ও নিকৃষ্ট মহিলার বিনিময়ে জান্নাতের তাবুতে অবস্থানকারীনী সমবয়স্কা কুমারী প্রবাল ও পদ্মরাগ সাদৃশ্য জান্নাতী রমণীগণকে বিক্রি করে দিল। আফসোস ঐ ব্যক্তির জন্য যে বিক্রি করল পানকারীদের জন্য মজাদার ও

সুস্বাদু শরাবে পরিপূর্ণ জান্নাতের শরাবের নদীগুলোকে জ্ঞান ও দ্বীন-দুনিয়া বিনষ্টকারী অপবিত্র শরাবের বিনিময়ে।

হায় আফসোস! ঐ ব্যক্তির জন্য যে মন্দ ও নিকৃষ্ট চেহারার দিকে তাকানোর বিনিময়ে মহা পরাক্রমশালী আল-াহর চেহারার দিকে তাকানোর আনন্দকে বিক্রয় করে দিল এবং মহান আল-াহর সুমধুর আওয়াজকে অবৈধ গান-বাজনা শুনার বিনিময়ে বিক্রি করে দিল।

ওহে আখেরাত হতে বিমুখ হতভাগা!! মৃত্যু ও তার পরবর্তী বিষয়ের ব্যাপারে একটু চিন্ড়া কর। দুনিয়ার প্রতি বেশী আশা-আকাঙ্খা ও চাকচিক্যকে নস্যাৎ করে দেয়ার জন্য মৃত্যুর স্মরণই যথেষ্ট।

তুমি এ আশায় আমল কর যাতে তুমি তোমার প্রভুর সন্তুষ্টি নিয়ে মৃত্যু বরণ করতে পার। জেনে রাখো! একমাত্র শেষ পরিণতিই মুমিনদের আসল সম্পদ। এ জন্যই পূর্ব যামানার সৎকর্মশীলগণ শেষ পরিণতি মন্দ হওয়ার ভয়ে সদা ভীত-সন্ত্রস্ড় থাকতেন।

কতিপয় শিক্ষণীয় ঘটনাঃ

জনৈক সাহাবী মৃত্যুর সময় খুব ক্রন্দন করলেন। তাকে ক্রন্দনের কারণ জিজ্ঞেস করা হলে তিনি বললেনঃ আমি রাসূলুল-াহ সাল-াল-াহু আলাইহি ওয়া সাল-াম)কে বলতে শুনেছি, আল-াহ তাআলা আপন সৃষ্টিকে দু'মুষ্ঠির ভিতরে নিয়ে বললেনঃ এরা জান্নাতী এবং এরা জাহান্নামী। আমি জানি না যে, আমি কোন মুষ্ঠির মধ্যে ছিলাম।

কোন একজন সালাফ বলেছেনঃ তাকদীরের লিখন চক্ষুসমূহকে কতইনা ক্রন্দন করালো!!

সুফিয়ান ছাওরী (রঃ) শেষ পরিণতি কি হবে এভয়ে হতাশ হয়ে যেতেন। তিনি কেঁদে কেঁদে বলতেনঃ আমার ভয় হয় আমি তাকদীরের লিখন অনুযায়ী দুর্ভাগ্যবান কি না? আমার ভয় হয়, মরণের সময় আমার ঈমান ছিনিয়ে নেয়া হয় কি না?

মালিক বিন দীনার সারা রাত জাগ্রত থেকে বলতেনঃ হে আমার প্রতিপালক! তুমি অবশ্যই জানো যে, কে জান্নাতী আর কে জাহান্নামী। তা হলে মালিক বিন দীনারের ঠিকানা কোথায়?

শেষ কথা এই যে, সংক্ষেপে পুস্তিকাটি সমাপ্ত করলাম। অন্তর সদা পরিবর্তনশীল। বিপদাপদ বিকট আকার ধারণ করলে অন্তর আঘাতে ক্ষতবিক্ষত হয়ে যায়। তাই আল-াহর কাছে প্রার্থনা করি

اللَّهُمَّ يَا مُقَلِّبَ الْقُلُوبِ ثَبِّتْ قَلْبِي عَلَى دِينِكَ وَ صَرِّفْهُ عَلَى طَاعَتِكَ

"হে আল-াহ! হে অন্তরের পরিবর্তনকারী! আমার অন্তরকে তোমার দ্বীনের উপর সুদৃঢ় রাখো এবং তোমার আনুগত্যের প্রতি উহাকে ধাবিত করো"।

سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ

"হে আল-াহ! তুমি অতি পবিত্র। প্রশংসার সাথে তোমার পবিত্রতা বর্ণনা করছি। আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ছাড়া সত্য কোন মাবুদ নেই। তোমার কাছে ক্ষমা চাচ্ছি এবং তোমার নিকট তাওবা করছি"।